

প্রথম অধ্যায়

# কৃষি এবং আমাদের সংস্কৃতি

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ◘ শূন্যস্থান পূরণ

১. বস্ত্র উৎপাদনের প্রধান কাঁচামাল ........ ফসল।
২. বাংলা নববর্ষের একটি গুরুত্বপূর্ণ অংশ হলো ........।
৩. ফল, ফুল, শাকসবজি ........ ফসলের মধ্যে বিবেচিত।
৪. আদি সমাজে ........ ভিত্তিতে সমাজ প্রধান নির্বাচিত হতেন।
৫. বাংলাদেশ পৃথিবীর ........ অঞ্চলে অবস্থিত।

**উত্তর** : ১. আঁশ; ২. মেলা; ৩. উদ্যান; ৪. ঐকমত্যের; ৫. নাতিশীতোষ্ণ।

### ◘ মিলকরণ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. কৃষির সূচনা করেছেন | খাদ্য |
| ২. বাংলাদেশের উদ্ভিদ ও প্রাণীর | নারীরা |
| ৩. তুলা ও পাট আমাদের প্রধান | পুরুষরা |
| ৪. মাটির পার্থক্যের প্রভাবে কৃষিও | আঁশ ফসল |
| ৫. মানুষের মৌলিক চাহিদাগুলোর প্রথমটিই হচ্ছে | বিচিত্রতা পায় |
| | বৈচিত্র্য বহুমাত্রিক |

**উত্তর** :
১. কৃষির সূচনা করেছেন **নারীরা**।
২. বাংলাদেশের উদ্ভিদ ও প্রাণির **বৈচিত্র্য বহুমাত্রিক**।
৩. তুলা ও পাট আমাদের প্রধান **আঁশ ফসল**।
৪. মাটির পার্থক্যের প্রভাবে কৃষিও **বিচিত্রতা পায়**।
৫. মানুষের মৌলিক চাহিদাগুলোর প্রথমটিই হচ্ছে **খাদ্য**।

### ◘ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ উদ্যান ফসল কী?**
**উত্তর** : যে সকল ফসল বেড়া দিয়ে বাড়ির আশপাশে চাষ করা হয় সেগুলো হলো উদ্যান ফসল। যেমন : ফল, ফুল, শাকসবজি ইত্যাদি।

**প্রশ্ন ॥ ২ ॥ নবান্ন উৎসব কাকে বলে?**
**উত্তর** : ধান কাটা উপলক্ষে আয়োজিত উৎসবকে নবান্ন উৎসব বলে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কৃষি উৎপাদনের প্রধান লক্ষ্য কী?**
**উত্তর** : কৃষি উৎপাদনের প্রধান লক্ষ্য হচ্ছে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করা।

**প্রশ্ন ॥ ৪ ॥ ডিম উৎপাদনের জন্য জনপ্রিয় হাঁসের নাম লেখ।**
**উত্তর** : 'খাকি ক্যাম্বেল' জাতের হাঁস ডিম উৎপাদনের জন্য জনপ্রিয়।

### ◘ রচনামূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ গ্রাম্যমেলা আমাদের দেশের 'গ্রামীণ অর্থনৈতিক সামাজিক সাংস্কৃতিক মেলা'– কথাটি ব্যাখ্যা কর।**
**উত্তর** : অনেক যুগ আগে থেকেই গ্রাম্যমেলা আমাদের দেশে পালিত হয়ে আসছে। এটা বাংলাদেশে ঐতিহ্যগত একটি প্রথা।

গ্রাম্যমেলায় নানা ধরনের জিনিস কেনাবেচা হয়ে থাকে। প্রায় সব বয়সের লোকজন মেলা দেখতে ভিড় জমায় ও কেনাকাটা করে থাকে। বছরে দুইবার কি তিনবার এই মেলা আমাদের দেশে অনুষ্ঠিত হয়ে থাকে। সাধারণত নববর্ষের দিন, ঈদের দিন ও দুর্গাপূজার সময় গ্রাম্যমেলা বসে। গ্রাম্যমেলাতে বাঁশ ও বেতের তৈরি নানারকম জিনিসপত্র পাওয়া যায়। এছাড়া কাঠ ও বাঁশের তৈরি নানা রকমের জিনিসপত্র মেলায় বিক্রি হয়। গ্রামের ছেলেরা নতুন জামাকাপড়, মেয়েরা নতুন শাড়ি, চুড়ি, লেস ফিতা পরিধান করে মেলা দেখতে যায় এবং অনেক জিনিস কিনে থাকে। এই মেলা থেকেই গ্রামের মানুষ হাঁড়ি-ঝুড়ি, দা-কাস্তে থেকে শুরু করে সংসারের যাবতীয় তৈজসপত্র কেনে। মেলায় যাত্রাপালা, কবিগান, জারি গান ইত্যাদি নানা রকমের অনুষ্ঠান পালন করা হয়। মেলাতে তাঁতের কাপড়, লুঙ্গি, গামছা, চুড়ি, মেয়েদের জন্য প্রসাধনী, কামার-কুমোরের নানা ধাতব বা মাটির জিনিসপত্র, বইপত্র, মাটি ও বাচ্চাদের জন্য অনেক খেলনা ওঠে।

গ্রাম্যমেলা আমাদের সংস্কৃতির সাথে জড়িত। ছোটবড় সকলেই গ্রাম্যমেলাতে যেতে পেরে খুশি হয়। গ্রাম্যমেলা আমাদের দেশে যুগ যুগ ধরে চলে আসছে। এ মেলা আমাদের দেশের গ্রামীণ অর্থনৈতিক সামাজিক সাংস্কৃতিক মেলা।

**প্রশ্ন ॥ ২ ॥ উদাহরণসহ বাংলাদেশে ফসল বৈচিত্র্যের অনুকূল কারণগুলোর একটি তালিকা দাও।**
**উত্তর** : উদাহরণসহ বাংলাদেশে ফসল বৈচিত্র্যের অনুকূল কারণগুলোর তালিকা নিচে দেওয়া হলো :

১. **মাটি** : বাংলাদেশের মাটি কৃষি কাজের জন্য উপযোগী। বাংলাদেশের নদী অববাহিকাগুলোতে বেলে দোআঁশ মাটির প্রাধান্য থাকলেও বেশ কিছু উঁচু অঞ্চল আছে যার মাটি লালচে ও এঁটেল।
২. **কৃষি মৌসুম** : আমাদের দেশে রবি ও খরিপ কৃষি মৌসুম থাকলেও আবহাওয়ার তারতম্যের কারণে এখানে আরও ৪টি ঋতুর প্রকাশ আছে যার প্রভাব কৃষিতে বৈচিত্র্য এনেছে।
৩. **নৃতাত্ত্বিক পরিবেশ** : এদেশের সাংস্কৃতিক ঐতিহ্যে যেমন বৈচিত্র্য রয়েছে তেমনি খাদ্যাভ্যাস, সাংস্কৃতিক কর্মকাণ্ডেও বৈচিত্র্য রয়েছে যার প্রভাবে এদেশের কৃষিও বৈচিত্র্যময় হয়েছে।
৪. **অবস্থানগত পরিবেশ** : বাংলাদেশ পৃথিবীর নাতিশীতোষ্ণ অঞ্চলে অবস্থিত। দক্ষিণের বঙ্গোপসাগর থেকে জলজ মেঘমালা উৎপন্ন হয়ে মৌসুমি বায়ুবাহিত হয়ে উত্তরের হিমালয় পর্বতে বাধা পেয়ে প্রচুর বৃষ্টি ঝরায়। এ কারণেই আমাদের দেশ উদ্ভিদ বৈচিত্র্যের দেশ হিসেবে পরিচিত।

**প্রশ্ন ॥ ৩ ॥ আমাদের দেশে নবান্ন উৎসব একটি কৃষিভিত্তিক উৎসব– ব্যাখ্যা কর।**
**উত্তর** : বাংলাদেশে নানা রকম উৎসব পালন করা হয়। এসব উৎসবের মধ্যে নবান্ন উৎসব অন্যতম। এটি গ্রামবাংলার ঐতিহ্যগত উৎসব।

কৃষক যখন ধান কেটে ঘরে তোলে তখন কৃষাণ কৃষাণির পরিবারের সকল সদস্যের চোখে মুখে আনন্দের জোয়ার স্পষ্ট হয়ে ওঠে। সেই ধান মাড়াই করে ঝেড়ে শুকিয়ে তারা গোলায় ভরে। মেয়েরা ঢেঁকি নিয়ে ব্যস্ত হয়ে পড়ে নতুন ধান ভাঙা, নতুন চাল গুঁড়ো করার কাজে। নতুন চালের গন্ধ সারা বাড়িতে ছড়িয়ে পড়ে।

নতুন চালের ভাতের পাশাপাশি নতুন চালের পায়েস, পিঠা–পুলি তৈরি করা হয়।

বাড়ির ছেলেরা নতুন লুঙ্গি–গেঞ্জি পায়। মেয়েরা পায় নতুন শাড়ি, চুড়ি, লেস-ফিতা। নবান্ন উৎসবে সবাই মেতে ওঠে।
কাজেই বলা যায়– আমাদের দেশে নবান্ন উৎসব একটি কৃষিভিত্তিক উৎসব।

**প্রশ্ন ॥ ৪ ॥ পরিবার ও সমাজ গঠনে কৃষির ভূমিকা ব্যাখ্যা কর।**

**উত্তর :** পরিবার ও সমাজ গঠনে কৃষির ভূমিকা অপরিসীম। কৃষিকে কেন্দ্র করেই আমাদের পরিবারের সূচনা হয়েছিল। আদিম যুগে মানুষ পশুপাখি শিকার করে অথবা গাছের ফলমূল আহরণ করে খাদ্য সংগ্রহ করত। বনের হিংস্র পশুপাখির আক্রমণ থেকে বাঁচার জন্য সে সময় মানুষ দলবদ্ধ হয়ে বসবাস করত। নারীরা প্রথম আবিষ্কার করল যে বীজ থেকে নতুন চারা হয় এবং সেটি একই রকমের ফল দেয়। একে একে তারা আবিষ্কার করে পশুপাখির মাংস ও গাছের ফল সিদ্ধ করে সুস্বাদু খাবার তৈরির পদ্ধতি। দিনে দিনে পরিবারের অন্ধকার ও সংখ্যা বৃদ্ধি পেতে থাকল। মানুষ গুহায় থাকা বাদ দিয়ে শুরব করল ঘরবাড়ি তৈরি। এভাবে কিছু পরিবারের ঘরবাড়ি মিলে গ্রামের পত্তন হয়। আর এভাবে সবাইকে নিয়ে গঠিত হলো সমাজ।

**প্রশ্ন ॥ ৫ ॥ খাদ্য হিসেবে প্রাণিজ উৎপাদনের গুরুত্ব উদাহরণসহ আলোচনা কর।**

**উত্তর :** খাদ্য হিসেবে প্রাণিজ উৎপাদনের গুরবত্ব অনেক। খাদ্য হিসেবে প্রাণিজ উৎপাদনের গুরবত্ব উদাহরণসহ নিচে আলোচনা করা হলো :

**মাছ :** দেশের দৈনন্দিন মাছের চাহিদার একটি বড় অংশ বর্তমানে চাষ করা মাছ থেকে আসে। রবই, কাতল, মৃগেল, পাবদা, কৈ, মাগুর, মলা, চিংড়ি ইত্যাদি চাষকৃত মাছ খাদ্যের চাহিদা মেটানোর পাশাপাশি প্রোটিনের চাহিদা পূরণ করে।

**মুরগি ও ডিম :** খামারে উৎপাদিত মুরগি ও ডিম খাদ্যের চাহিদা পূরণে ভূমিকা রাখছে।

**হাঁস ও হাঁসের ডিম :** হাওর, বাঁওড়, বিল এলাকা ছাড়াও সারাদেশেই যেখানে পুকুর, ডোবা আছে সেখানেই হাঁস চাষ কৃষক পরিবারে জনপ্রিয়।

**ছাগল :** জাবর কাটা পশুদের মধ্যে গৃহপালিত প্রাণী হিসেবে এদেশে ছাগল বেশ জনপ্রিয়। আমরা ছাগল থেকে দুধ ও মাংস পাই।

**গরু :** পশুপালকদের সবচাইতে প্রিয় পশু হলো গরব। গরব থেকে আমরা মাংস ও দুধ পাই।

**মহিষ :** গরবর মতো মহিষও বাংলাদেশে অঞ্চল বিশেষে জনপ্রিয়। মহিষের দুধ ঘন হওয়ায় দধি ও মিষ্টান্ন শিল্পে এর বিশেষ কদর রয়েছে।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **নিচের কোনটি ঔষধি উদ্ভিদ?**
ক ধান খ পাট
● অ্যালোভেরা ঘ বাঁধাকপি

২. **সামন্তবাদী উৎপাদন ব্যবস্থায়–**
i. কৃষি পণ্যের বৈচিত্র্য বেড়েছিল
ii. কৃষি উৎপাদন ব্যবস্থার অগ্রগতি হয়েছিল
iii. কৃষি পণ্য বিপণন প্রসারিত হয়েছিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii ● i ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
ঝুমার নানা গুঁড়ি গুঁড়ি বৃষ্টির মাঝে ঝুড়ি ভর্তি রসাল ফলমূল নিয়ে মধু মাসে তাদের বাসায় এলেন। তারা ফলগুলো পেয়ে খুব খুশি হলো।

৩. **ঝুমার নানা কোন ঋতুতে বেড়াতে আসেন?**
● গ্রীষ্ম খ বর্ষা গ শরৎ ঘ হেমন্ত

৪. **ঝুমার নানার ফলের ঝুড়িতে ছিল –**
i. আম ii. কমলা iii. কাঁঠাল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii ● i ও iii ঘ i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : পরিবার গঠনে কৃষি ■ পৃষ্ঠা : ২৩ ৩

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. **কোনটিকে কেন্দ্র করে পরিবার ও সমাজ গঠনের সূচনা হয়েছিল?** (জ্ঞান)
● কৃষি কাজ খ শিল্প গ চাকরি ঘ ব্যবসা

৬. **কৃষিকাজ শুরুর আগে মানুষ দলবদ্ধভাবে চলাচল করত কেন?** (অনুধাবন)
ক বনের হিংস্র পশুর আক্রমণ থেকে বাঁচার জন্য
● প্রতিপবের আক্রমণ থেকে রবা পাওয়ার জন্য
গ চোর ডাকাতের হাত থেকে রবা পাওয়ার জন্য
ঘ প্রাকৃতিক দুর্যোগ থেকে বাঁচার জন্য

৭. **আদিমকালে পরিবেশের বিভিন্ন ঘটনা ও এদের পারস্পরিক সম্পর্ক নিবিড়ভাবে পর্যবেক্ষণের সুযোগ হতো কাদের?** (জ্ঞান)
ক শিকারে বের হওয়া পুরবষদের ● গুহায় বসবাসকারী মায়েদের
গ ফলমূল সংগ্রহে বের হওয়া পুরবষদের ঘ গুহায় বসবাসকারী ছেলেদের

৮. **কারা প্রথম কৃষির সূচনা করেছিলেন?** (জ্ঞান)
● নারীরা খ পুরবষরা গ যুবকরা ঘ বৃদ্ধরা

৯. **কোন যুগে মানুষ আগুনের ব্যবহার ও নিয়ন্ত্রণ শিখেছিল?** (জ্ঞান)
ক মধ্য ● শিকার গ শিল্প ঘ কৃষি

১০. **মানুষ আদিমকালে দলবদ্ধভাবে অংশ নিত কিসে?** (অনুধাবন)
● শিকারে খ কৃষি কাজে গ খেলায় ঘ ধর্মীয় কাজে

১১. **সমাজের ক্ষুদ্র একক কোনটি?** (প্রয়োগ)
● পরিবার খ রাষ্ট্র গ গোষ্ঠী ঘ সমাজ

১২. **সার্বিক নিরাপত্তার প্রথম ও প্রধান কেন্দ্র কোনটি?** (জ্ঞান)
ক সমাজ ● পরিবার গ রাষ্ট্র ঘ গোত্র

১৩. **পরিবার ও সমাজ গঠনের মূল নিয়ামক হিসেবে কোনটি ভূমিকা রেখেছে?** (উচ্চতর দবতা)
● কৃষিকাজ খ চাকরি গ ব্যবসা ঘ কুটির শিল্প

১৪. **খাদ্যসহ সার্বিক নিরাপত্তার প্রথম ও প্রধান কেন্দ্র কোনটি?** (জ্ঞান)
ক রাষ্ট্র খ গ্রাম গ সমাজ ● পরিবার

১৫. **সমাজের ক্ষুদ্র একক কী?** (জ্ঞান)
ক গোষ্ঠি ● পরিবার গ মহলরা ঘ বংশ

১৬. **সমাজ গঠনে কোনটি ভূমিকা রেখেছিল?** (জ্ঞান)
● পরিবার খ নীতিকথা গ সবমতা ঘ নৈতিকতা

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. **কৃষিকাজ করার আগে মানুষ ক্ষুধা নিবারণ করত–** (অনুধাবন)
i. পশুপাখি শিকার করে ii. ফলমূল আহরণ করে
iii. মাছ শিকার করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. **আদিমকালে মানুষ পর্যবেক্ষণের সুযোগ পেয়েছিল–** (অনুধাবন)
i. শিকার করার মাধ্যমে ii. ফলমূল আহরণ করার মাধ্যমে
iii. দলগতভাবে চলাফেরার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৯. **সংগ্রহের পর দীর্ঘদিন রাখা যায়–** (অনুধাবন)
i. ধান ii. গম iii. ডাল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

২০. **সকল পরিবার সুরক্ষিত –** (অনুধাবন)
i. ভালোবাসা দিয়ে ii. অনৈতিকতা দিয়ে
iii. দায়িত্ববোধ দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ ii ও iii ● i ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
প্রাপ্তি তার বাবার কাছে জানতে পারে, একটি কাজকে কেন্দ্র করে পরিবার ও সমাজের সূচনা হয়েছিল। উক্ত কাজের মাধ্যমে ধান, গম, ভুট্টা ইত্যাদি শস্য উৎপাদন করা হয়।

২১. **অনুচ্ছেদে কোন কাজের কথা বলা হয়েছে?** (প্রয়োগ)
● কৃষিকাজ ⓖ চাকরি ⓖ মৎস্য চাষ ⓘ পশুপালন

২২. **উক্ত কাজের মাধ্যমে–** (উচ্চতর দৰতা)
i. খাদ্যের চাহিদা পূরণ হয়
ii. পুষ্টির চাহিদা পূরণ হয়
iii. রোগ প্রতিরোধ ৰমতা বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

# পাঠ ২ : সমাজ গঠনে কৃষি ■ পৃষ্ঠা : ৩ ও ৪

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৩. **বাড়িতে আনা ফসল যত্ন করে সংরক্ষণ করেন কে?** (জ্ঞান)
ⓚ কৃষক ● কৃষাণি ⓖ সমাজপতি ⓘ প্রজা

২৪. **লোহার জিনিসপত্র কারা তৈরি করেন?** (জ্ঞান)
ⓚ কুমার ● কামার ⓖ চামার ⓘ ডোমার

২৫. **মাটির জিনিসপত্র তৈরি করেন কারা?** (জ্ঞান)
ⓚ কামার ● কুমার ⓖ চামার ⓘ ডোমার

২৬. **কোনটি ঋতুচক্রের ওপর নির্ভরশীল?** (জ্ঞান)
● ফসল উৎপাদন ⓖ কুটিরশিল্প
ⓖ ভারী শিল্প ⓘ ব্যবসায় বাণিজ্য

২৭. **আদিম সমাজে প্রথম শ্রম বিভাজন তৈরি করে কোনটি?** (জ্ঞান)
ⓚ সমাজ ● পরিবার ⓖ রাষ্ট্র ⓘ গোত্র

২৮. **বংশানুক্রমে সমাজে প্রধান নির্বাচনের ফলে কয়টি বৈপ্লবিক সামাজিক পরিবর্তন ঘটল?** (জ্ঞান)
● দুটি ⓖ তিনটি ⓖ চারটি ⓘ পাঁচটি

২৯. **কোন যুগে পরিবারের সদস্যরা সক্ষমতা ও সুবিধা অনুযায়ী পরিবারের কাজগুলো সম্পাদন করতেন?** (জ্ঞান)
● আদি ⓖ মধ্য ⓖ পশুপালন ⓘ শিল্প

৩০. **কোনটির কারণে মানুষ বেশি বেশি পরিবেশ সচেতন হতে শুরু করে?** (অনুধাবন)
ⓚ চাকরি ● কৃষি ⓖ ব্যবসা ⓘ শিল্প

৩১. **কোন সমাজে ঐকমত্যের ভিত্তিতে সমাজ প্রধান নির্বাচিত হতেন?** (জ্ঞান)
ⓚ শিল্প ● আদি ⓖ কৃষি ⓘ সামন্ত

৩২. **লোহা দিয়ে দা, কুড়াল, কাঁচি ইত্যাদি জিনিস তৈরি করেন কে?** (প্রয়োগ)
● কামার ⓖ কুমার ⓖ জেলে ⓘ তাঁতি

৩৩. **সমাজ গঠনে কোনটির ভূমিকা ছিল?** (জ্ঞান)
ⓚ কৃষির পরিধি ⓖ ফসলের পরিচর্যা ⓖ ফলন বৃদ্ধি ● শ্রম বিভাজন

৩৪. **কৃষি কাজকে কেন্দ্র করে কী গড়ে উঠেছিল?** (জ্ঞান)
ⓚ দল ● সমাজ ⓖ গোত্র ⓘ সম্প্রদায়

৩৫. **আদি সমাজের সমাজ প্রধান নির্বাচিত হতো কীভাবে?** (জ্ঞান)
ⓚ ভোটের মাধ্যমে ⓖ লটারির মাধ্যমে
ⓖ পারিবারিকভাবে ● ঐকমত্যের ভিত্তিতে

৩৬. **সময়ের বিবেচনায় মানুষের মহৎ মূল্যবোধ সৃষ্টিতে কোনটির অবদান প্রথম?** (জ্ঞান)
ⓚ পাথর যুগ ⓖ বন্যযুগ ● আদি সমাজ ⓘ বর্তমান যুগ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৭. **লোহার জিনিসপত্রের অন্তর্গত হচ্ছে –** (অনুধাবন)
i. দা ii. কুড়াল
iii. কাঁচি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩৮. **ঘর বাড়ি তৈরির উপকরণের অন্তর্ভুক্ত হলো–** (অনুধাবন)
i. চট ii. মাটি iii. বাঁশ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৩৯. **আদি সমাজের নিকট থেকে আসা মূল্যবোধগুলো হচ্ছে–** (অনুধাবন)
i. পরিবারের চেয়ে সমাজ বড়
ii. পরিবারের চেয়ে আমি বড়
iii. আমার চেয়ে আমার পরিবার বড়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪০ ও ৪১নং প্রশ্নের উত্তর দাও :**
সৃষ্টির শুরব থেকে মানুষ বাড়ছে কিন্তু জমি বাড়ে নাই। পূর্বে খাদ্যের অভাব ছিল কিন্তু বর্তমানে পূর্বের মতো খাদ্যের তেমন অভাব দেখা যায় না।

৪০. **বর্তমানে উল্লেখিত দ্রব্যের অভাব কম হওয়ার মূল কারণ কোনটি?** (প্রয়োগ)
ⓚ জমি ⓖ সেচ
● উৎপাদন ব্যবস্থা ⓘ কীটনাশক

৪১. **উক্ত দ্রব্যের অভাব মেটানো যায়–** (উচ্চতর দৰতা)
i. জাত উন্নয়ন করে ii. প্রযুক্তির মাধ্যমে
iii. সার প্রয়োগ করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪২ ও ৪৩নং প্রশ্নের উত্তর দাও :**
হিমেল এবার উচ্চ মাধ্যমিকে ভর্তি হয়েছে। সে নিজের চেয়ে পরিবারকে এবং পরিবারের চেয়ে সমাজকে বড় বলে মনে করে।

৪২. **হিমেলের মধ্যে কোন যুগের মূল্যবোধের প্রতিফলন ঘটেছে?** (প্রয়োগ)
ⓚ কৃষি ● আদি ⓖ শিল্প ⓘ মধ্য

৪৩. **উক্ত মূল্যবোধ –** (উচ্চতর দৰতা)
i. ব্যক্তিগত শান্তি ব্যাহত করে ii. পারিবারিক শৃঙ্খলা বজায় রাখে
iii. সামাজিক শৃঙ্খলা রৰা করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

# পাঠ ৩ : কৃষি ও কৃষকের উপর মানুষের নির্ভরশীলতা ■ পৃষ্ঠা : ৪ - ৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৪. **স্বাস্থ্য রক্ষায় অপরিহার্য কোনটি?** (জ্ঞান)
● সুষম খাদ্য ⓖ আমিষ ⓖ চর্বি ⓘ প্রোটিন

৪৫. **আমাদের বেঁচে থাকার জন্য কী একান্ত প্রয়োজন?** (জ্ঞান)
● খাদ্য ⓖ উদ্যম ⓖ সচেতনতা ⓘ বিনোদন

৪৬. **আমাদের সংস্কৃতির বড় অংশ কোনটি?** (জ্ঞান)
ⓚ শিল্প ⓖ বাণিজ্য ● কৃষি ⓘ চিকিৎসা

৪৭. **কখন নতুন চালের পিঠা তৈরির ধুম পড়ে যায়?** (জ্ঞান)
● নবান্নে ⓖ বিজয় দিবসে

ⓖ পহেলা বৈশাখে ⓗ ২১শে ফেব্রুয়ারিতে

৪৮. খাদ্য উৎপাদন কিসের ওপর নির্ভরশীল? (জ্ঞান)
ⓚ শিল্প ● কৃষি ⓖ ব্যবসা ⓗ চাকরি

৪৯. নিম পাতার রস ব্যবহৃত হয় কিসে? (জ্ঞান)
● চিকিৎসায় ⓚ খাবারে ⓖ মদ তৈরিতে ⓗ পানীয় তৈরিতে

৫০. বস্ত্র উৎপাদনের প্রধান কাঁচামাল কোনটি? (জ্ঞান)
● আঁশ ফসল ⓚ তুলা ⓖ পাটকাঠি ⓗ বাঁশ

৫১. ঔষধি বৃক্ষ কোনটি? (উচ্চতর দৰতা)
ⓚ জাম ⓚ আম ● ঘৃতকুমারি ⓗ বাঁশ

৫২. কৃষির উৎপত্তি হয়েছিল কেন? (অনুধাবন)
● খাদ্যের চাহিদা মেটানোর জন্য ⓚ বন্য প্রাণীর আক্রমণ থেকে বাঁচার জন্য
ⓖ বস্ত্রের কারখানা প্রতিষ্ঠার জন্য ⓗ শিল্প কারখানা প্রতিষ্ঠার জন্য

৫৩. চিকিৎসা শাস্ত্র অনুযায়ী কোন উদ্দিদটি অধিক গুরুত্বপূর্ণ? (উচ্চতর দৰতা)
ⓚ আম ⓚ তেঁতুল ● স্টিভিয়া ⓗ কাঁঠাল

৫৪. খাদ্যসহ সার্বিক নিরাপত্তার প্রথম ও প্রধান কেন্দ্র কোনটি?
ⓚ রাষ্ট্র ⓚ গ্রাম ⓖ সমাজ ● পরিবার

৫৫. মানুষের মৌলিক চাহিদা কতটি? (জ্ঞান)
● ৫ ⓚ ৬ ⓖ ৭ ⓗ ৮

৫৬. খাদ্য উৎপাদনের জন্য মানুষ সম্পূর্ণভাবে কিসের ওপর নির্ভরশীল? (জ্ঞান)
ⓚ ব্যবসা ⓚ শিৰা ● কৃষি ⓗ বনায়ন

৫৭. উদ্যান ফসলের রোগবালাই চিকিৎসায় কোন গাছের পাতার রস ব্যবহৃত হয়? (জ্ঞান)
ⓚ চিরতা ● নিম ⓖ বাসক ⓗ তুলসী

৫৮. অ্যালোভেরা বলা হয় কোনটিকে? (জ্ঞান)
ⓚ জবাফুল ⓚ থানকুনি ● ঘৃতকুমারি ⓗ ফনিমনসা

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৯. উদ্যান ফসলের রোগ প্রতিরোধে ব্যবহার হয়– (অনুধাবন)
i. নিম পাতার রস ii. আম পাতার রস
iii. রসুনের রস
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

৬০. কৃষি সমাজের অবদান রয়েছে– (অনুধাবন)
i. যাত্রাপালা সৃষ্টিতে ii. কবি গান সৃষ্টিতে
iii. পল্লিগীতি সৃষ্টিতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৬১. কৃষির মাধ্যমে পূরণ হয়– (অনুধাবন)
i. খাদ্যের চাহিদা ii. শিৰার চাহিদা
iii. বাসস্থানের চাহিদা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৬২ ও ৬৩নং প্রশ্নের উত্তর দাও :
মানুষের জীবনে গাছপালার ভূমিকা অপরিসীম। এসব গাছপালার মধ্যে কিছু গাছপালা মানুষের রোগ নিরাময়ে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে।

৬২. অনুচ্ছেদে বর্ণিত গাছপালা কিরূপ বৃক্ষকে নির্দেশ করে? (প্রয়োগ)
● ঔষধি বৃৰ ⓚ ফলদ বৃৰ ⓖ কাষ্ঠল বৃৰ ⓗ জলজ বৃৰ

৬৩. উক্ত বৃক্ষ– (উচ্চতর দৰতা)
i. মানুষের উপকারে আসে ii. ফসলের উপকার করে
iii. পরিবেশের ভারসাম্য বজায় রাখে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## পাঠ ৪ : কৃষি পরিবেশ, বাংলাদেশের ঋতুচক্র ও কৃষিজ উৎপাদন

■ পৃষ্ঠা : ৬ ও ৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৪. কোনটি ঋতু নিরপেক্ষ ধান? (জ্ঞান)
● ব্রি ⓚ বোরো ⓖ আমন ⓗ ইরি

৬৫. কোন মাসে ফল বেশি হয়? (জ্ঞান)
● জ্যৈষ্ঠ ⓚ আষাঢ় ⓖ চৈত্র ⓗ মাঘ

৬৬. বাংলাদেশে কৃষি ঋতু কয়টি? (জ্ঞান)
ⓚ দুই ● তিন ⓖ চার ⓗ পাঁচ

৬৭. কোনটি মধু মাস? (জ্ঞান)
ⓚ বৈশাখ ⓚ আষাঢ় ● জ্যৈষ্ঠ ⓗ শ্রাবণ

৬৮. জ্যৈষ্ঠ মাসকে মধু মাস বলা হয় কেন? (অনুধাবন)
● ফলমূলের সমারোহ বেশি থাকে বলে
ⓚ বেশি ফসল উৎপাদন হওয়ার কারণে
ⓖ বাজারে সবজির পরিমাণ বেশি থাকে বলে
ⓗ বাজারে বিদেশি ফল বেশি থাকার কারণে

৬৯. কৃষি বিচিত্রতা পায় কেন? (অনুধাবন)
ⓚ আবহাওয়ার কারণে ⓚ জলবায়ুর কারণে
● মাটির পার্থক্যের কারণে ⓗ বৃষ্টিপাতের কারণে

৭০. হাওর অঞ্চলের মাটির রং কেমন? (জ্ঞান)
ⓚ লাল ⓚ সাদা ● কালো ⓗ হলুদ

৭১. বাংলাদেশে মোট ঋতু কয়টি? (জ্ঞান)
ⓚ ২ ⓚ ৩ ● ৬ ⓗ ১০

৭২. কোন অঞ্চলের মাটি বছরের একটি নির্দিষ্ট সময় প্লাবিত থাকে? (জ্ঞান)
● হাওর ⓚ পাহাড়ি ⓖ নদী তীরবর্তী ⓗ সমুদ্র তীরবর্তী

৭৩. নদী অববাহিকায় কোন ধরনের মাটির প্রাধান্য রয়েছে? (প্রয়োগ)
ⓚ এঁটেল ● বেলে-দোআঁশ ⓖ বেলে ⓗ লালচে

৭৪. বাংলাদেশের কোন দিকে হিমালয় পর্বত অবস্থিত? (জ্ঞান)
● উত্তর ⓚ দক্ষিণ ⓖ পূর্ব ⓗ পশ্চিম

৭৫. শীতকালে দেয়ালের মতো কাজ করে কোনটি? (জ্ঞান)
ⓚ নদী ⓚ পাহাড় ● হিমালয় পর্বত ⓗ গাছপালা

৭৬. পৌষ মাসের ফসল কোন কৃষি ঋতুর অন্তর্ভুক্ত? (প্রয়োগ)
● রবি ⓚ খরিপ-১ ⓖ খরিপ-২ ⓗ খরিপ-৩

৭৭. চৈত্রের মাঝামাঝি থেকে বৈশাখ মাসের মাঝামাঝি কোন ফসলটি বুনতে হয়? (জ্ঞান)
ⓚ বোরো ধান ⓚ আউশ ধার ● পাট ⓗ বেগুন

৭৮. বারোমাসী ফল কোনটি? (জ্ঞান)
● কলা ⓚ কাঁঠাল ⓖ আম ⓗ জাম

৭৯. হাওড় অঞ্চলে কোন মাটির প্রাধান্য রয়েছে? (জ্ঞান)
ⓚ বেলে-দোঁআশ মাটি ⓚ এঁটেল মাটি
● জৈব পদার্থযুক্ত মাটি ⓗ কাদা মাটি

৮০. বাংলাদেশের কোন অঞ্চলের মাটি লালচে ও এঁটেল? (জ্ঞান)
● উঁচু অঞ্চলের ⓚ নিচু অঞ্চলের
ⓖ সমতল অঞ্চলের ⓗ উপকূলীয় অঞ্চলের

৮১. মৌসুমী বায়ু বাঁধা পায় কিসে? (জ্ঞান)
ⓚ কেওক্রাডাং পর্বতে ⓚ তাজিনডং পর্বতে
● হিমালয় পর্বতে ⓗ গারো পাহাড়ে

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮২. বাংলাদেশের কৃষি ঋতুর অন্তর্ভুক্ত– (অনুধাবন)
i. খরিপ-১ ii. গ্রীষ্মকাল iii. খরিপ-২
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

৮৩. বাংলাদেশের ঋতু নিরপেক্ষ ফসলের মধ্যে রয়েছে– (অনুধাবন)
i. কলা ii. পেঁপে iii. আম
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

৮৪. বাংলাদেশে বছরব্যাপী উৎপাদিত হয়– (অনুধাবন)
i. লালশাক ii. ফুলকপি iii. টমেটো
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৮৫ ও ৮৬নং প্রশ্নের উত্তর দাও :

আটা, ময়দা তৈরি হয় এমন একটি ফসল জসিম শীতকালে উৎপাদন করেন। উক্ত ফসলের পুষ্টিগুণ অনেক।

**৮৫. জসিমের উৎপাদিত ফসল বাংলাদেশের কোন কৃষি ঋতুকে নির্দেশ করে?** (প্রয়োগ)
● রবি ⓖ খরিপ–১ ⓖ খরিপ–২ ⓘ খরিপ–৩

**৮৬. উক্ত ঋতুর উৎপাদিত ফসল –** (উচ্চতর দক্ষতা)
i. পুষ্টির চাহিদা পূরণ করে ii. অর্থনীতিতে অবদান রাখে
iii. জীবনযাত্রার মান হ্রাস করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## পাঠ ৫ : কৃষিজ উৎপাদনে বৈচিত্র্য ■ পৃষ্ঠা : ৭ ও ৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৭. বাংলাদেশের উদ্ভিদ ও প্রাণিবৈচিত্র্য কেমন?** (জ্ঞান)
ⓚ একমাত্রিক ⓖ দ্বিমাত্রিক ● বহুমাত্রিক ⓘ ত্রিমাত্রিক

**৮৮. পাটকে সোনালি আঁশ বলা হতো কেন?** (অনুধাবন)
● পাট রপ্তানি হতো বলে ⓖ পাট দিয়ে কার্পেট তৈরি হতো বলে
ⓖ পাটের ফসল অধিক হওয়া কারণে ⓘ পাট চাষে কর্মসংস্থান হতো বলে

**৮৯. অতীতে কোনটি রপ্তানি করা হতো?** (জ্ঞান)
ⓚ ধান ⓖ গম ● পাট ⓘ ভুট্টা

**৯০. বাংলাদেশে অনেক জাতের ধান হারিয়ে যাওয়ার কারণ কী?** (অনুধাবন)
ⓚ ধানের চাহিদা কমে যাওয়া ● উচ্চ ফলনশীল জাতের ব্যাপক চাষাবাদ
ⓖ গমের উৎপাদন বেড়ে যায় ⓘ মাটির উর্বরতা হারানো

**৯১. অতীতে কোনটিকে সোনালি আঁশ বলা হতো?** (অনুধাবন)
● পাট ⓖ ধান ⓖ গম ⓘ ছোলা

**৯২. মাঠ ফসলের প্রকৃষ্ট উদাহরণ কোনটি?** (জ্ঞান)
ⓚ লিচু ⓖ আম ⓖ কলা ● পাট

**৯৩. বাংলাদেশকে কিসের দেশ বলা হয়?** (জ্ঞান)
● ধানের ⓖ গমের ⓖ চায়ের ⓘ মাছের

**৯৪. খোলা মাঠে উৎপাদিত ফসলকে সাধারণভাবে কী বলা হয়?** (জ্ঞান)
ⓚ উদ্যান ফসল ● মাঠ ফসল ⓖ উঠোন ফসল ⓘ বাগান ফসল

**৯৫. বাংলাদেশ নানা জাতের কার্পাস তুলা জন্মাতো কত বছর আগে?** (জ্ঞান)
● একশত ⓖ দুইশত ⓖ তিনশত ⓘ চারশত

**৯৬. আমাদের দেশে কত বছর আগে প্রায় ২০০ জাতের ধান জন্মাত?** (জ্ঞান)
ⓚ ২০ ⓖ ৩০ ● ৫০ ⓘ ৬০

**৯৭. বাংলাদেশে সূক্ষ্ম কার্পাস তুলা দিয়ে তৈরি কিসের সুনাম ছিল বিশ্বব্যাপী?** (প্রয়োগ)
ⓚ রেশমি কাপড় ⓖ খদ্দর কাপড়
ⓖ লিনেন কাপড় ● মসলিন কাপড়

**৯৮. মসলিন কাপড় উৎপাদনে নিচের কোনটি ব্যবহৃত হতো?**
[বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]
ⓚ শিমুল তুলা ● কার্পাস তুলা ⓖ পাট ⓘ তুলা

**৯৯. অন্যতম পাট উৎপাদনকারী দেশ কোনটি?** (জ্ঞান)
● বাংলাদেশ ⓖ ভারত ⓖ নেপাল ⓘ পাকিস্তান

**১০০. অর্থকরী ফসল কোনটি?** (জ্ঞান)
ⓚ ধান ● পাট ⓖ আম ⓘ গম

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০১. বাংলাদেশে উৎপাদন করা যায়–** (অনুধাবন)
i. তন্তু ii. শস্য iii. ওষুধ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১০২. মাঠ ফসলের উদাহরণ হলো–** (প্রয়োগ)
i. গম ii. কাঁঠাল iii. আখ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১০৩. বাংলাদেশে ফসল বৈচিত্র্য কমতে পারে –** (অনুধাবন)
i. সামাজিক কারণে ii. সাংস্কৃতিক কারণে
iii. কৃষির আধুনিকায়নের ফলে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১০৪ ও ১০৫নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশে উৎপাদিত একটি মাঠ ফসলকে অতীতে সোনালি আঁশ বলা হতো। উক্ত ফসলের উৎপাদন বর্তমানে আবার বৃদ্ধি পাচ্ছে।

**১০৪. অনুচ্ছেদে কোন মাঠ ফসলের কথা বলা হয়েছে?** (প্রয়োগ)
ⓚ গম ⓖ ধান ● পাট ⓘ রসুন

**১০৫. উক্ত মাঠ ফসল–** (উচ্চতর দক্ষতা)
i. অর্থনীতিতে ভূমিকা রাখে ii. কর্মসংস্থানের সুযোগ তৈরি করে
iii. কৃষকের জীবনমান বৃদ্ধিতে সহায়ক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## পাঠ ৬ : উদ্যান ফসলের বৈচিত্র্য ■ পৃষ্ঠা : ৮ ও ৯

### সাধারণ বহুনিবাচনি প্রশ্নোত্তর

**১০৬. সম্প্রতি কোন ফলের চাষ বাংলাদেশে বেশি জনপ্রিয়তা লাভ করেছে?** (জ্ঞান)
● স্ট্রবেরি ⓖ আম ⓖ জাম ⓘ পেঁপে

**১০৭. বাংলাদেশে কোন ঋতুতে উৎপাদিত সবজির বৈচিত্র্য খুবই বেড়ে যায়?** (জ্ঞান)
ⓚ গ্রীষ্মকাল ⓖ বর্ষাকাল ⓖ বসন্তকাল ● শীতকাল

**১০৮. কোনটি অভিজাত ফুল?** (জ্ঞান)
● গোলাপ ⓖ বেলি ⓖ জুঁই ⓘ গাঁদা

**১০৯. বাংলাদেশিরা মসলাপ্রিয় জাতি কেন?** (অনুধাবন)
● উষ্ণ–আর্দ্র অঞ্চলে অবস্থান বলে ⓖ আর্দ্র অঞ্চলের বাস করার কারণে
ⓖ উষ্ণ অঞ্চলের অন্তর্ভুক্ত বলে ⓘ শীতল অঞ্চলে অবস্থান করার কারণে

**১১০. কোনটি উল্লেখযোগ্য তেল ফসল?** (জ্ঞান)
ⓚ রসুন ⓖ হলুদ ⓖ লবঙ্গ ● সরিষা

**১১১. বাংলাদেশ কোনটি রপ্তানি করে?** (জ্ঞান)
● ফুল ⓖ ধান ⓖ আদা ⓘ লিচু

**১১২. কোনটি একাধারে তন্তু, নির্মাণসামগ্রী, জ্বালানি ও কচি অবস্থায় সবজি হিসেবে ব্যবহৃত হয়?** (জ্ঞান)
ⓚ আলু ● পাট ⓖ আখ ⓘ বেগুন

**১১৩. হলুদ কী জাতীয় ফসল?** (জ্ঞান)
ⓚ ফল ● মসলা ⓖ ফুল ⓘ তন্তু

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১৪. ঔষধি হচ্ছে–** (অনুধাবন)
i. তুলসী ii. রসুন iii. নিম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১১৫. শিল্পের কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়–** (অনুধাবন)
i. শিং ii. চামড়া iii. হাড়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১৬. যেসব ফলের বৈশিষ্ট্য চোখে পড়ার মতো–** (অনুধাবন)
i. কলা ii. কাঁঠাল iii. কুল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১৭. নির্মাণ সামগ্রীর অন্তর্ভুক্ত হচ্ছে–** (অনুধাবন)
i. কাঠ ii. বেত iii. বাঁশ
**নিচের কেনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১৮. কোন ক্ষেত্রে কৃষি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?**
[সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়]
i. বস্ত্র ii. শিক্ষা iii. স্বাস্থ্য

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১৯ ও ১২০নং প্রশ্নের উত্তর দাও :**
কৃষক জসিম মিয়া বিভিন্ন ধরনের ফসল উৎপাদন করেন। এগুলোর মধ্যে অন্যতম হলো হলুদ, পেঁয়াজ, রসুন, ধনে ইত্যাদি।

**১১৯. জসিম মিয়ার উৎপাদিত ফসল কিরূপ ফসল নির্দেশ করে?** (প্রয়োগ)
ⓚ দানাদার ⓛ উদ্যান ⓜ মসলা ● তেলজাতীয়

**১২০. উক্ত ফসল –** (উচ্চতর দক্ষতা)
i. দেহে পুষ্টির চাহিদা পূরণ করে ii. অর্থনীতিতে অবদান রাখে
iii. কৃষকের জীবনযাত্রার মান ব্যাহত করে
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

## পাঠ ৭ : কৃষিতে প্রাণিজ উৎপাদনের বৈচিত্র্য ■ পৃষ্ঠা : ৯-১১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২১. প্রথম প্রথম বাংলাদেশে কোন মাছ বেশি চাষ হতো?** (জ্ঞান)
ⓚ কৈ ⓛ মাগুর ● কাতল ⓝ পাবদা

**১২২. কোনটি জাবর কাটা গৃহপালিত প্রাণী?** (জ্ঞান)
ⓚ মুরগি ● ছাগল ⓜ কুকুর ⓝ হাঁস

**১২৩. কৃষকের আত্মিক সম্পর্ক কোন প্রাণীটির সঙ্গে?** (জ্ঞান)
ⓚ হাঁস ⓛ মুরগি ● গরব ⓝ ছাগল

**১২৪. কোন জাতীয় হাঁস ডিম উৎপাদনের জন্য জনপ্রিয়?** (জ্ঞান)
ⓚ পিকিন ● খাকি ক্যাম্বেল ⓜ জেন্ডিং ⓝ ইন্ডিয়ান রানার

**১২৫. কোন মাছ রপ্তানির জন্য চাষ হয়?** (অনুধাবন)
ⓚ কাতল ⓛ মলা ● চিংড়ি ⓝ কৈ

**১২৬. দধি ও মিষ্টান্ন শিল্পে মহিষের দুধের কদর রয়েছে কেন?** (অনুধাবন)
ⓚ সুমিষ্ট বলে ● ঘন হওয়ার কারণে
ⓜ পুষ্টিকর বলে ⓝ পাতলা হওয়ার কারণে

**১২৭. মিঠা পানিতে চাষ করা হয় কোনটি?** (জ্ঞান)
ⓚ বাগদা চিংড়ি ⓛ ইলিশ ● গলদা চিংড়ি ⓝ রূ পচাঁদা

**১২৮. প্রোটিনের চাহিদা মেটায় কোনটি?** (জ্ঞান)
● ভেড়ার মাংস ⓛ ধান ⓜ সরিষা ⓝ ফল

**১২৯. খাকি ক্যাম্বেল কী?** (জ্ঞান)
ⓚ মুরগি ● হাঁস ⓜ ছাগল ⓝ গরু

**১৩০. নিচের কোন প্রাণীর দুধ অপেক্ষাকৃত ঘন?** (জ্ঞান)
ⓚ গরব ● মহিষ ⓜ ছাগল ⓝ ভেড়া

**১৩১. ব্ল্যাক বেঙ্গল জাতটি কিসের?** (জ্ঞান)
ⓚ হাঁসের ⓛ মুরগির ⓜ গরবর ● ছাগলের

**১৩২. কোন প্রাণীর লোম থেকে উল তৈরি হয়?** (প্রয়োগ)
● ভেড়া ⓛ গরব ⓜ ছাগল ⓝ মহিষ

**১৩৩. কৃষি সভ্যতার গোড়া থেকে মানুষ কোনটি পালন করে আসছে?** (জ্ঞান)
● গরব ⓛ ছাগল ⓜ ভেড়া ⓝ মহিষ

**১৩৪. কোনটি গৃহপালিত পশু?** (উচ্চতর দক্ষতা)
ⓚ হাঁস ⓛ মুরগি ● ছাগল ⓝ কবুতর

**১৩৫. কৃষির সাথে কোনটি সম্পর্ক যুক্ত?**
ⓚ শিক্ষা ⓛ সমাজ ⓜ পরিবার ● সংস্কৃতি

**১৩৬. কিছু পরিবারের সমন্বয়ে কি গড়ে ওঠে?**
[জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট]
ⓚ গ্রাম ● সমাজ ⓜ শহর ⓝ রাষ্ট্র

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩৭. এদেশের খামারিদের কাছে প্রিয়–** (অনুধাবন)
i. অস্ট্রেলিয়ার দুধেল গরব ii. নিউজিল্যান্ডের দুধেল গরব
iii. চীনের দুধেল গরব
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**১৩৮. বাণিজ্যিক ভিত্তিতে চাষ করা হয়–** (অনুধাবন)
i. কাঁকড়া ii. চিংড়ি iii. পাবদা
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**১৩৯. খামারে চাষযোগ্য মাছ–** (অনুধাবন)
i. মাগুর ii. ইলিশ iii. কৈ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ● i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৪০ ও ১৪১নং প্রশ্নের উত্তর দাও :**
তানভীর আহমেদ উপকূলীয় অঞ্চলে বাস করেন। সেখানকার লোনা পানিতে এক ধরনের মাছ চাষ করে তিনি প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করছেন। উক্ত মাছ মিঠা পানিতেও চাষ করা যায়।

**১৪০. তানভীর আহমেদের চাষকৃত মাছ কোন মাছকে নির্দেশ করে?** (প্রয়োগ)
● চিংড়ি ⓛ লইট্যা ⓜ ছুরি ⓝ কোরাল

**১৪১. উক্ত মাছের ক্ষেত্রে প্রযোজ্য তথ্য কোনটি?** (উচ্চতর দক্ষতা)
ⓚ শর্করার চাহিদা পূরণ করে ● প্রোটিনের চাহিদা পূরণ করে
ⓜ ফ্যাটের চাহিদা পূরণ করে ⓝ ভিটামিনের চাহিদা পূরণ করে

## পাঠ ৮ : বাংলাদেশের কৃষি ও সংস্কৃতি ■ পৃষ্ঠা : ১১ ও ১২

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৪২. ফসলে কিসের আক্রমণ হয়?** (জ্ঞান)
ⓚ কুকুর ⓛ বিড়াল ● পোকামাকড় ⓝ মৌমাছি

**১৪৩. নতুন ধানের উৎসবকে কী বলা হয়?** (জ্ঞান)
● নবান্ন ⓛ মেলা ⓜ নববর্ষ ⓝ হালখাতা

**১৪৪. বোরো ধানের নবান্ন উৎসব কোন মাসে হতে পারে?** (জ্ঞান)
● বৈশাখ ⓛ জ্যৈষ্ঠ ⓜ আষাঢ় ⓝ শ্রাবণ

**১৪৫. কোন তারিখে বাংলা নববর্ষ উদ্‌যাপিত হয়?** (জ্ঞান)
ⓚ পহেলা চৈত্র ⓛ পহেলা মাঘ
● পহেলা বৈশাখ ⓝ পহেলা ভাদ্র

**১৪৬. কোনটির গন্ধে গৃহস্থের বাড়ি ভরে ওঠে?** (জ্ঞান)
ⓚ চিনি ● নতুন চাল ⓜ গুড় ⓝ ফুল

**১৪৭. মাড়াই করতে হয় কোনটি?** (জ্ঞান)
ⓚ আলু ⓛ কলা ⓜ আমড়া ● ধান

**১৪৮. নবান্ন কী?** (জ্ঞান)
ⓚ ফসল বোনার উৎসব ● ধান কাটার উৎসব
ⓜ বইমেলা ধর্মীয় অনুষ্ঠান

**১৪৯. নবান্ন উৎসবের অংশ হিসেবে কোন মাসে গ্রাম্যমেলা বসে?** (জ্ঞান)
ⓚ শ্রাবণ ⓛ আশ্বিন ● পৌষ ⓝ ফাল্গুন

**১৫০. পহেলা বৈশাখের দিনে গ্রামে কী বসে?** (জ্ঞান)
● মেলা ⓛ বাজার ⓜ হাট ⓝ বিবাহ উৎসব

**১৫১. যাত্রাগান কোথায় হয়?** (জ্ঞান)
● গ্রাম্যমেলায় ⓛ শহরের মেলায়
ⓜ বাজারে ⓝ হাটে

**১৫২. চৈত্র সংক্রান্তি কী?** (জ্ঞান)
ⓚ চৈত্র মাসের প্রথম দিন ● চৈত্র মাসের শেষ দিন
ⓜ বৈশাখ মাসের প্রথম দিন ⓝ বৈশাখ মাসের শেষ দিন

**১৫৩. নবান্ন উৎসব কিসের ওপর নির্ভরশীল?** (জ্ঞান)
ⓚ শিল্পের ⓛ সংগীতের ⓜ প্রতিষ্ঠানের ● কৃষির

**১৫৪. আমন ধানের নবান্ন উৎসব কোন উৎসবের সাথে মিলে যেতে পারে?** (অনুধাবন)
ⓚ পহেলা বৈশাখ ● শারদীয় উৎসব
ⓜ চৈত্র সংক্রান্তি ⓝ বর্ষবরণ উৎসব

**১৫৫. কোনটিকে ঘিরে সবার মাঝে উৎসবমুখর পরিবেশ তৈরি হয়?** (জ্ঞান)
● নববর্ষ ⓛ শারদীয় উৎসব ⓜ মেলা ⓝ নবান্ন

**১৫৬. খদ্দেররা বাকী পাওনা পরিশোধ করে আপ্যায়িত হন কোন অনুষ্ঠানে?** (জ্ঞান)
● হালখাতা ⓛ বৈশাখী মেলা ⓜ আমানি ⓝ নবান্ন

**১৫৭. বাংলা নববর্ষের গুরুত্বপূর্ণ অংশ কোনটি?** (জ্ঞান)
● মেলা ⓛ র‍্যালি ⓜ শোভাযাত্রা ⓝ পালাগান

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫৮. গ্রাম্যমেলায় বিক্রি হয়—** (অনুধাবন)

i. পাটি ii. বইপত্র iii. লুঙ্গি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৫৯. হালখাতার অনুষ্ঠানে—** (অনুধাবন)

i. দেনাদাররা পাওনা মিটিয়ে ফেলে ii. মিষ্টিমুখ করানো হয়
iii. পণ্য বিক্রি হয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৬০. বাংলা নববর্ষ উপলক্ষে মেলা বসে—** (অনুধাবন)

i. পহেলা ফাল্গুনে
ii. চৈত্র সংক্রান্তির দিনে
iii. পহেলা বৈশাখে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

**১৬১. বাংলাদেশের গ্রাম্যমেলাগুলো হচ্ছে—** (অনুধাবন)

i. সামাজিক মেলা
ii. সাংস্কৃতিক মেলা
iii. আন্তর্জাতিক মেলা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬২ ও ১৬৩নং প্রশ্নের উত্তর দাও :**

বাংলাদেশের একটি উৎসবকে কেন্দ্র করে চৈত্র মাসের শেষ দিনে এবং পহেলা বৈশাখে মেলা বসে। উক্ত মেলা বাংলাদেশের সামাজিক ও সাংস্কৃতিক মেলা।

**১৬২. অনুচ্ছেদে কোন উৎসবের কথা বলা হয়েছে?** (প্রয়োগ)

ⓚ বাংলা নববর্ষ ⓛ দুর্গাপূজা ● ঈদুল ফিতর ⓘ ঈদুল আযহা

**১৬৩. উক্ত উৎসব—** (উচ্চতর দৰতা)

i. বাঙালির মিলনমেলা
ii. সাম্প্রদায়িক চেতনার শিৰা দেয়
iii. অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ করে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

# অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

ক্ষুদ্র ব্যবসায়ী রফিক ব্যবসায় লোকসান করে শহর থেকে গ্রামে ফিরে আসেন। ছয় সদস্যের পরিবারের দৈনিক চাহিদা পূরণে রফিকের হিমশিম অবস্থা। গ্রামে কৃষিজ সম্পদের মধ্যে তাঁর ছোট্ট একটি বসতবাড়ি ছাড়া মাঝারি একটি পুকুর ও ৫০ শতাংশ ফসলি জমি আছে। এ অবস্থায় চাচা আলতাফ মাস্টারের পরামর্শমতো তিনি তার একটি কৃষিজ সম্পদ ব্যবহারের উদ্যোগ নেন। এতে তিনি পরিবারের দৈনন্দিন প্রাণিজ আমিষের চাহিদা পূরণের পাশাপাশি বাণিজ্যিকভাবেও লাভবান হন। পরবর্তী সময়ে তিনি তাঁর অন্যান্য কৃষিজ সম্পদ ব্যবহারেরও উদ্যোগ গ্রহণ করেন।

ক. কৃষিকে পেশা হিসেবে নেওয়ার আগে মানুষ কয়টি উপায়ে খাদ্য সংগ্রহ করত? ১
খ. কলাকে ঋতু নিরপেক্ষ ফল বলার কারণ ব্যাখ্যা কর। ২
গ. রফিক যে উপায়ে তাঁর কৃষিজ সম্পদ ব্যবহার করে লাভবান হয়েছিলেন তা বর্ণনা কর। ৩
ঘ. রফিক কৃষিজ সম্পদ ব্যবহারের যে উদ্যোগগুলো গ্রহণ করেন তা আমাদের খাদ্য চাহিদার প্রেক্ষাপটে মূল্যায়ন কর। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক.** কৃষিকে পেশা হিসেবে নেয়ার আগে মানুষ দুটি উপায়ে খাদ্য সংগ্রহ করত।

**খ.** দিনের দৈর্ঘ্যের তারতম্যের কারণে বিভিন্ন ঋতুতে বিভিন্ন ফসল জন্মায়। কিন্তু কলার ফুল ধারণের উপর দিনের দৈর্ঘ্যের কোনো প্রভাব নেই। তাই কলা সারাবছর উৎপাদিত হয় বলেই কলাকে ঋতু নিরপেক্ষ ফল বলা হয়।

**গ.** রফিক যে উপায়ে তাঁর কৃষিজ সম্পদ ব্যবহার করে লাভবান হয়েছিলেন তা হলো পুকুরে মাছ চাষ।

উদ্দীপকে দেখা যায় যে, রফিকের কৃষিজ সম্পদসমূহ হলো একটি বসতবাড়ি, মাঝারি একটি পুকুর এবং ৫০ শতাংশ ফসলি জমি। রফিক তার চাচা আলতাফ মাস্টারের পরামর্শমতো পুকুরে মাছ চাষ করেন যার দ্বারা তিনি প্রাণিজ আমিষের চাহিদা পূরণ করেন এবং বাণিজ্যিকভাবেও লাভবান হন।

সুতরাং বলা যায় যে, রফিক পুকুরে মাছ চাষের মাধ্যমে তার কৃষিজ সম্পদ পুকুরটি ব্যবহার করে এবং লাভবান হন।

**ঘ.** রফিক কৃষিজ সম্পদ ব্যবহারের যে উদ্যোগগুলো গ্রহণ করেন তা আমাদের খাদ্য চাহিদার প্রেৰাপটে অনেক গুরুত্বপূর্ণ।

মানুষের জীবন বাঁচানোর জন্য খাদ্য প্রয়োজন। আর খাদ্য উৎপাদনের জন্য মানুষ কৃষির ওপর নির্ভরশীল।

উদ্দীপকে বর্ণিত রফিক কৃষিজ সম্পদ ব্যবহারের যে উদ্যোগগুলো গ্রহণ করে তা বাংলাদেশের খাদ্য ঘাটতি মোকাবিলায় অধিক কার্যকর। রফিকের কৃষিজ সম্পদগুলো হচ্ছে ছোট্ট একটি বসতবাড়ি, মাঝারি একটি পুকুর ও ৫০ শতাংশ ফসলি জমি।

পুকুরে মাছ চাষ প্রাণিজ আমিষের চাহিদা পূরণে ভূমিকা রাখবে। এছাড়া তার অন্য কৃষিজ সম্পদ ব্যবহারের উদ্যোগ দেশের খাদ্য ঘাটতি মোকাবিলায় অবদান রাখবে।

কাজেই বলা যায় রফিক কৃষিজ সম্পদ ব্যবহারের যে উদ্যোগগুলো গ্রহণ করেন তা আমাদের খাদ্য চাহিদার প্রেৰাপটে খুবই যুক্তিযুক্ত এবং যথার্থ।

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রহিম মিয়া তাঁর জমিতে বিভিন্ন প্রকার মাঠ ফসল ও উদ্যান ফসলের চাষ করেছেন। নতুন ধান উঠায় তার পরিবারসহ সবাই নবান্ন উৎসবে মেতে উঠল।

ক. মানুষ কখন আগুনের ব্যবহার ও নিয়ন্ত্রণ শিখেছিল? ১
খ. পরিবারের বৈশিষ্ট্যগুলো লেখ। ২
গ. রহিম মিয়ার কার্যক্রম কীভাবে খাদ্য চাহিদা মিটাতে সাহায্য করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উলিরখিত উৎসবের সাথে রহিম মিয়ার কৃষি কাজের সংশিরষ্টতা বিশেরষণ কর। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক.** মানুষ শিকারের যুগে আগুনের ব্যবহার ও নিয়ন্ত্রণ শিখেছিল।

**খ.** পরিবার মানব সমাজের সামাজিক অর্থনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন। সার্বিক নিরাপত্তার প্রথম ও প্রধান কেন্দ্র হলো পরিবার। স্নেহ, ভালোবাসা, নৈতিকতা, দায়িত্ববোধ দিয়ে সকল পরিবার সুরৰিত।

**গ.** রহিম মিয়া জমিতে বিভিন্ন প্রকার মাঠ ফসল ও উদ্যান ফসল চাষ করেন। রহিম মিয়ার চাষকৃত মাঠ ফসল আমাদের খাদ্য চাহিদা মিটাতে সাহায্য করে। রহিম মিয়ার চাষকৃত উদ্যান ফসলের ৰেত্রে বলা যায়, তিনি বিভিন্ন প্রকার ফল ও শাকসবজি চাষ করেছেন। কেননা এসব উদ্যান ফসল আমাদের খাদ্য চাহিদা মেটাতে সাহায্য করে। এভাবেই রহিম মিয়ার চাষকৃত মাঠ ফসল ও উদ্যান ফসল আমাদের খাদ্য চাহিদা মেটাতে সাহায্য করে।

**ঘ.** উলিরখিত উৎসব হলো নবান্ন উৎসব। নবান্ন উৎসবের সাথে রহিম মিয়ার কৃষি কাজের সংশিরষ্টতা নিচে বিশেরষণ করা হলো :

রহিম মিয়া তাঁর জমিতে বিভিন্ন প্রকার মাঠ ফসল চাষ করেছেন। এসব ফসলের মধ্যে তিনি ধানও চাষ করেছেন। তাই নতুন ধান উঠায় তার পরিবারসহ সবাই নবান্ন উৎসবে মেতে ওঠে। এই নবান্ন উৎসবের সাথে রহিম

মিয়ার কৃষি কাজ সম্পূর্ণরূ পে সংশিরষ্ট। হাড়ভাঙা খাটুনি, প্রাকৃতিক দুর্যোগের উৎকণ্ঠা, লুণ্ঠনকারি লাঠিয়ালদের লুটপাটের আশঙ্কা, রোগ বালাই, পোকামাকড়ের আক্রমণ ও মহামারীর উৎকণ্ঠার পর যখন কৃষক ধান কেটে আপন বাড়ির আঙ্গিনায় এনে জড়ো করে। তখন কৃষক পরিবারের আনন্দের জোয়ার বয়ে যায়। এ ধান মাড়াই করে ঝেড়ে শুকিয়ে গোলায় তুলতে তাঁরা ব্যস্ত হয়ে পড়েন। ওদিকে মেয়েরা ব্যস্ত থাকেন ঢেঁকিতে নতুন ধান ভেনে চাল করা ও নতুন চাল গুঁড়ো করার কাজে। নতুন চালের ভাতের পাশাপাশি নতুন চালের পায়েস, পিঠা পুলি তৈরি হতে থাকে। বাড়ির কাজের ছেলেরা নতুন লুঙ্গি–গেঞ্জি পায়, কাজের মেয়েরা পায় নতুন শাড়ি, চুড়ি, লেস–ফিতা।

তাই বলা যায়, নবান্ন উৎসবের সাথে রহিম মিয়ার কৃষিকাজ সরাসরি জড়িত।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

অর্চিতা ও স্পর্শিয়া দুই বোন নববর্ষের দিন সকালে মা–বাবার সাথে বর্ষবরণ অনুষ্ঠান দেখতে গিয়েছিল। সেখানে তারা নানা আয়োজন দেখে মুগ্ধ হয়। সেখানকার বর্ণিল আয়োজন ও মেলার বিভিন্ন বাহারী জিনিসপত্র তাদের মন কেড়ে নেয়।

ক. ভেড়ার লোম থেকে কী তৈরি হয়? ১

খ. কৃষিৰেত্রে থেকে কীভাবে বাংলাদেশে জ্বালানির যোগান হয়? ২

গ. উদ্দীপকে উলিরখিত উৎসবটি তোমাদের এলাকায় কীভাবে পালন করা হয়? বর্ণনা কর। ৩

ঘ. গ্রাম্য মেলা ও শহুরে মেলার তুলনামূলক বৈশিষ্ট্যগুলো আলোচনা কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

**ক.** ভেড়ার লোম থেকে উল তৈরি হয়।

**খ.** বাংলাদেশের জ্বালানির সিংহভাগ যোগান কৃষিৰেত্র থেকে আসে। পাট, ডাল ও বিভিন্ন উদ্যান ফসলের গাছ শুকিয়ে জ্বালানি হিসেবে ব্যবহার করা যায়। তুষ একটি ভালো জ্বালানি। এছাড়া, উদ্যান ও বনজ বৃৰের কাঠ ও জ্বালানি হিসেবে জনপ্রিয়।

**গ.** উদ্দীপকে উলিরখিত উৎসবটি আমাদের এলাকায় কিছুটা ভিন্নভাবে পালন করা হয়।

বর্ষবরণকে ঘিরে আমার এলাকায় উৎসব মুখর পরিবেশের সৃষ্টি হয়। চৈত্র সংক্রান্তির দিনে ও পহেলা বৈশাখে সকালে আমাদের গ্রামে মেলা বসে। মেলা থেকে আমাদের গ্রামের মানুষজন প্রয়োজনীয় তৈজসপত্র ক্রয় করে। এই দিনে হাট বাজারের দোকানিরা তাদের গ্রাহক খদ্দেরদের পয়লা বৈশাখে আপ্যায়ন করেন। খদ্দেররা বাকি পাওনা পরিশোধ করে মিষ্টিমুখে আপ্যায়িত হন। এই অনুষ্ঠানের আরেক নাম হালখাতা। নববর্ষের আয়োজনে যাত্রাপালা, কবিগান ও খেলাধুলার আয়োজন করা হয়।

**ঘ.** গ্রাম্য মেলা শহুরে মেলা থেকে ভিন্নতর।

গ্রাম্য মেলায় পসারিরা যেমন নানা প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে বিক্রি করতে বসে তেমনি সেখানে তাঁতের কাপড়, লুঙ্গি, গামছা, চুড়ি, মেয়েলি প্রসাধিনী, কামার–কুমারের নানা ধাতব বা মাটির জিনিসপত্র, বইপত্র, পাটি বিক্রির জন্য উঠে। বিনোদনেরও নানা আয়োজন সেখানে দেখা যায়। রাতভর সেখানে যাত্রা বা প্যাগান চলে। দূর দূরান্ত থেকে মানুষ এই মেলায় আসে। গ্রাম্য মেলা হলো গ্রামীণ অর্থনৈতিক সামাজিক সাংস্কৃতিক মেলা।

সুতরাং, বলা যায় শহুরে মেলার কৃত্রিমতাবর্জিত সাদামাটা কিন্তু নান্দনিক গ্রাম্য মেলা কিছুটা ভিন্নতর।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আলম মিয়া একজন ক্ষুদ্র কৃষক তার একটি বসতবাড়ি, একটি পুকুর এবং কিছু কৃষিজমি আছে। তিনি কেবল তার কৃষিজমিতে ফসল চাষ করেন। তাই পরিবারের খরচ চালানো তার জন্য বেশ কষ্টকর। উপজেলা কৃষি কর্মকর্তার পরামর্শক্রমে তিনি তার সবগুলো কৃষিজ সম্পদ ব্যবহারের উদ্যোগ নিলেন এবং লাভবান হলেন।

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. কারা কৃষি কাজের সূচনা করেছিলেন? ১

খ. সমাজ গঠনে শ্রম বিভাজনের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. কীভাবে আলম মিয়া লাভবান হলেন? বর্ণনা কর। ৩

ঘ. আমাদের খাদ্য চাহিদা মেটাতে আলম মিয়ার উদ্যোগটি মূল্যায়ন কর। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

**ক.** নারীরা কৃষিকাজের সূচনা করেছিলেন।

**খ.** পরিবারের সদস্যরা আদিযুগ তাদের সক্ষামতা ও সুবিধা অনুযায়ী পরিবারের কাজগুলো করতেন। এভাবেই মানুষের মাঝে শ্রম বিভাজনের সুবিধা তৈরি হয়েছিল।

দিনে দিনে পরিবারের আকার ও সংখ্যা বৃদ্ধি পেতে শুরব করল। মানুষ ফসল পরিচর্যা করে ফলন বৃদ্ধি করতে শিখল। ফসল বেশিদিন সংরৰণ করে রাখার বিভিন্ন উপায় সম্পর্কে অভিজ্ঞতা ও দৰতা অর্জন করল। এভাবে সমাজ গঠনে শ্রম বিভাজন ভূমিকা রাখে।

**গ.** উদ্দীপকের আলম মিয়া ফসল উৎপাদনের পাশাপাশি মুরগি ও হাঁস চাষ করলে লাভবান হলেন।

গৃহস্থ পরিবারে মুরগি ও ডিম উৎপাদনের ঐতিহ্য বহুকালের। খামারে মাংস ও ডিম উৎপাদনের জন্য যেমন মুরগির পৃথক জাত ব্যবহার করা হয় তেমনি লালন পদ্ধতিও ভিন্ন।

হাঁস ও হাঁসের ডিম উৎপাদন ও একটি লাভজনক ব্যবসা। খাকি কাম্বেল জাতীয় হাঁস ডিম উৎপাদনের জন্য জনপ্রিয়। এধরনের চাষ পদ্ধতির মাধ্যমে যেমন প্রাণিজ আমিষের চাহিদা মেটানো সম্ভব এবং লাভবান হওয়াও সম্ভব।

সুতরাং বলা যায় যে, উদ্দীকের আলম মিয়া হাঁস ও মুরগি পালনের মাধ্যমে লাভবান হন।

**ঘ.** আমাদের খাদ্যের চাহিদা মেটাতে আলম মিয়া উদ্যোগটি যথেষ্ট প্রশংসনীয়। নিচে এর যৌক্তিকতা মূল্যায়ন করা হলো –

হাওড়, বাঁওড়, বিল এলাকায় তো বটেই এ ছাড়াও সারা দেশেই যেখানে পুকুর, ডোবা অর্থাৎ পানি আছে সেখানেই হাঁস চাষ কৃষক পরিবারে জনপ্রিয়। নানা জাতের হাঁস চাষ করা হয় এদের মধ্যে ‘খাকি ক্যাম্বেল’ জাতীয় হাঁস ডিম উৎপাদনের জন্য জনপ্রিয়।

আমাদের দেশে বিশেষ করে স্বাধীনতার পর থেকে খামারে মুরগি উৎপাদন বিশেষ গুরবত্ব পেয়েছে। অবশ্য গৃহস্থ পরিবারে মুরগি ও ডিম উৎপাদনের ঐতিহ্য বহুকালের। দেশি মুরগির মাংস সুস্বাদু কিন্তু ডিম কম দেয়। খামারে মাংস ও ডিম উৎপাদনের জন্য যেমন মুরগির পৃথক জাত ব্যবহার হয় তেমনি পালন পদ্ধতিও ভিন্ন।

সুতরাং এভাবে খাদ্য উৎপাদন সরবরাহের মাধ্যমে হাঁস ও মুরগি পালন করে আলম মিয়া আমাদের খাদ্য চাহিদা মেটাতে ভূমিকা রাখেন।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নিশ্চিন্তপুর একটি প্রত্যন্ত অঞ্চলের গ্রাম। গ্রামের অধিবাসীদের জীবন জীবিকা সবকিছু তাদের ফসল উৎপাদনের উপর নির্ভরশীল। এ বছর মাঠে বেশ ভাল ফসল হয়েছে। তথাপি গ্রামবাসীরা বেশ উদ্বিগ্ন ছিল। ফসল ঘরে তুলতে পেরে তারা বেশ আনন্দিত।

[সিলেট সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়]

?
ক. বাঙালির পরিচয়টি কী? ১
খ. মহিষের দুধের কদর বেশি কেন? ২
গ. গ্রামবাসীদের উদ্বিগ্ন থাকার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. গ্রামবাসীরা কি কী উৎসবে মেতে উঠতে পারে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

**ক.** বাঙালির পরিচয় হলো কৃষিতে, যা আমাদের সংস্কৃতির একটি বড় অংশ।

**খ.** মহিষ থেকে আমরা দুধ ও মাংস পেয়ে থাকি। মহিষের দুধ ঘন হওয়ায় দধি ও মিষ্টান্ন শিল্পে এর বিশেষ কদর রয়েছে, এজন্য মহিষের দুধের কদর বেশি।

**গ.** উদ্দীপকের গ্রামবাসীদের উদ্বিগ্ন থাকার কারণ হলো প্রাকৃতিক দুর্যোগ, লুণ্ঠণকারী লাঠিয়ালদের লুটপাটের আশঙ্কা, রোগ বালাই, পোকামাকড়ের আক্রমণ, মহামারী প্রভৃতি।
বাংলাদেশ পৃথিবীর নাতিশীতোষ্ণ অঞ্চলে অবস্থিত একটি দুর্যোগ প্রবণ দেশ। দক্ষিণে বঙ্গোপসাগর থেকে জলজ মেঘমালা উৎপন্ন হয়। সেই মেঘমালা মৌসুমি বায়ুবাহিত হয়ে উত্তরের হিমালয় পার্বত্য অঞ্চলে বাধা পেয়ে প্রচুর বৃষ্টি ঝরায়। আমাদের দেশে সামাজিক রাজনৈতিক কারণেও ফসল বৈচিত্র্য কমার দৃষ্টান্ত রয়েছে। এছাড়া, বিভিন্ন ফসলের রোগ বালাই পোকামাকড়ের আক্রমণ, মহামারী প্রভৃতি কারণেও ফসলের উৎপাদন হুমকির মুখে পড়ে। উপরিউক্ত কারণগুলোর জন্য উদ্দীপকের গ্রামবাসীরা বেশ উদ্বিগ্ন ছিল।

**ঘ.** ফসল কেটে ঘরে তোলার পর কৃষকেরা নবান্ন উৎসব, বাংলা নববর্ষ, গ্রাম্য মেলা প্রভৃতি উৎসবে মেতে উঠতে পারে।
শত উৎকণ্ঠার পর ফসল কেটে ঘরে তুলতে পারলে কৃষকের পরিবারে আনন্দের জোয়ার বয়ে যায়। নতুন ভাতের উৎসব অর্থাৎ নবান্ন উৎসবে সবাই মেতে ওঠে, নতুন চালের ভাতের পাশাপাশি নতুন চালের পায়েস, পিঠা–পুলি তৈরি হতে থাকে। যদি আমন ধানের ফলন ওঠে তবে নবান্ন উৎসব, শারদীয় উৎসবের সঙ্গে মিলে যেতে পারে। আর যদি বোরো ধান হয় তাহলে নবান্ন উৎসবের অংশ হিসেবে পৌষ মাসে গ্রাম্য মেলা বসতো যা এখনও চালু আছে। এসকল উৎসবের মাধ্যমে গ্রামবাসীরা নতুন ফসল ঘরে তোলার আনন্দে মেতে উঠতে পারে।

**প্রশ্ন –৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আফ্রিকার বিশাল বনভূমি অঞ্চলের গভীর অরণ্যের তথ্য সংগ্রহ করতে গিয়ে দেখা যায়, সেখানেও কিছু কিছুলোক বাস করে। সভ্য দুনিয়ার ছোঁয়া তাদের কাছে আজও পৌঁছেনি। তারা শিকার ও ফলমূল খেয়ে জীবনধারণ করে।

?
ক. কোন কাজকে কেন্দ্র করে পরিবার গঠিত হয়েছিল? ১
খ. আদিমকালে লোকজন ফলমূল খেয়ে জীবনধারণ করত কেন? ২
গ. উদ্দীপকের লোকজন দলবদ্ধ হয়ে বসবাস করার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. "আমাদের সভ্য দুনিয়াও এক সময় তাদের মতোই ছিল।" উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

## ৬নং প্রশ্নের উত্তর

**ক.** কৃষিকাজকে কেন্দ্র করে পরিবার গঠিত হয়েছিল।

**খ.** আদিমকালে লোকজন বনের হিংস্র পশুর আক্রমণ থেকে বাঁচার জন্য দলবদ্ধভাবে চলাচল করত।
কৃষিকাজ করার আগে মানুষ গাছের ফলমূল আহরণ করে খাদ্য সংগ্রহ করত এবং সেগুলো খেয়ে জীবনধারণ করত। কারণ, মানুষ ফলমূল আহরণ করার মাধ্যমে প্রকৃতি, পরিবেশ এবং পরিবেশের বিভিন্ন ঘটনা গভীরভাবে পর্যবেক্ষণের সুযোগ পেয়েছিল।

**গ.** উদ্দীপকে আফ্রিকার বিশাল বনভূমি অঞ্চলের গভীর অরণ্যের কথা বলা হয়েছে। সেখানে কিছু লোক বাস করে যাদের কাছে সভ্য দুনিয়ার ছোঁয়া এখনও পৌছেনি। বিভিন্ন রকম প্রতিকূল পরিস্থিতি মোকাবেলার জন্য তাদের দলবদ্ধভাবে বসবাস করা গুরুত্বপূর্ণ। কেননা ওই অঞ্চলের লোকজনদের পশুপাখি শিখার করে অথবা গাছের ফলমূল আহরণ করে খাদ্য সংগ্রহ করতে হয়। বনের হিংস্র পশুর আক্রমণ থেকে বাঁচার জন্য তাদের দলবদ্ধ হয়ে চলাচল করা উচিত। এছাড়া, বনের পশুপাখি শিকার কাজেও দলবদ্ধভাবে অংশগ্রহণ করার গুরুত্ব রয়েছে।

**ঘ.** আমাদের এই সভ্য দুনিয়াও এক সময় উদ্দীপকে উল্লিখিত অঞ্চলের ন্যায় ছিল।
কৃষিকাজকে কেন্দ্র করে আমাদের পরিবার ও সমাজ গঠনের সূচনা হয়েছিল। কৃষিকাজ করার আগে মানুষ পশুপাখি শিখার করে অথবা গাছের ফলমূল আহরণ করে খাদ্য সংগ্রহ করত। বনের হিংস্র পশুর আক্রমণ থেকে বাঁচার জন্যমানুষময় মানুষ দলবদ্ধভাবে চলাচল করত। বনের পশুপাখি শিকারের কাজেও মানুষ দলবদ্ধভাবে অংশগ্রহণ করত। পরিবার সম্পর্কে মানুষের তখনও কোনো ধারণা ছিল না। মানুষ ফলমূল আহরণ ও শিকার করার মাধ্যমে প্রকৃতি, পরিবেশ এবং পরিবেশের বিভিন্ন ঘটনা গভীরভাবে পর্যবেক্ষণের সুযোগ পেয়েছিল।

**প্রশ্ন –৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

বন্যপশু শিকার → [ ] → পরিবার গঠন → সমাজ গঠন
B

?
ক. কী কেন্দ্র করে পরিবার ও সমাজ গঠনের সূচনা হয়েছিল? ১
খ. কৃষির সাথে আমাদের সংস্কৃতির সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. ছকে দেখানো B–এর সূচনা কীভাবে হয়েছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষের মধ্যে মানবিক গুণাবলি ও মূল্যবোধ প্রতিষ্ঠা করতেও ছকে বর্ণিত B ভূমিকা রেখেছে– তুমি কী বক্তব্যটি সমর্থন কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

## ৭নং প্রশ্নের উত্তর

**ক.** কৃষিকাজকে কেন্দ্র করে আমাদের পরিবার ও সমাজ গঠনের সূচনা হয়েছিল।

**খ.** কৃষি আমাদের সংস্কৃতির একটি বড় অংশ। ঋতু বৈচিত্র্যের মতোই আমাদের সাংস্কৃতিক বৈচিত্র্য এবং বিনোদনের সঙ্গে কৃষি ও কৃষকের সম্পর্ক হয়েছে। পল্লীগীতি, জারি–সারি, ভাটিয়ালি, কবিগান, যাত্রাপালা সৃষ্টি ও চর্চায় কৃষক কৃষাণির অবদান রয়েছে। ফসল উৎপাদন প্রক্রিয়ার জটিল কাজে কৃষকরা দলবেঁধে ভাওয়াইয়া, ভাটিয়ালি, জারি–সারি গাইতে গাইতে আনন্দের সাথে কাজ করে থাকেন। নবান্নে চালের পিঠা তৈরির ধুম পড়ে যায়।

**গ.** ছকে দেখানো B হলো কৃষিকাজ। কেননা কৃষিকাজের আগে মানুষ বন্যপশু শিকার করত এবং কৃষিকাজের পরে তারা পরিবার গঠন করে এরপর সমাজ গঠন করে। আর এ বিষয়টি আমরা ছকেও দেখতে পাই।
কৃষিকাজ করার আগে মানুষ পশুপাখি শিকার করে অথবা গাছের ফলমূল আহরণ করে খাদ্য সংগ্রহ করত। ফল থেকে তার বীজ গুহার বাইরে যেখানে ফেলত সেখানে নতুন চারা গজিয়ে গাছ বড় হয়ে ঐ একই গাছ ফল দেওয়া শুরু করত। যত্ন করে মাটি নরম করে ঐ গাছের ফলের বীজ আবার পুঁতে দিত। চারা গজালে তাকে যত্ন করে বড় করত এবং একসময় ফল পেত। এভাবেই প্রথম কৃষির সূচনা হয়েছিল। এভাবেই বন্যপশু শিকার থেকে কৃষিকাজ (B) এর সূচনা হয়েছিল।

**ঘ.** ছকে বর্ণিত B হচ্ছে কৃষিকাজ। মানুষের মধ্যে মানবিক গুণাবলি ও মূল্যবোধ প্রতিষ্ঠা করতেও ছকে বর্ণিত B অর্থাৎ কৃষিকাজ ভূমিকা রেখেছে– বক্তব্যটি আমি সমর্থন করি। এর পক্ষে যুক্তিগুলো হলো :
কৃষিকাজকে কেন্দ্র করে আমাদের পরিবার ও সমাজ গঠনের সূচনা হয়েছিল। কৃষিকাজ করার আগে মানুষ পশুপাখি শিকার করে অথবা গাছের ফলমূল আহরণ করে খাদ্য সংগ্রহ করত। কৃষিকাজ শুরুর প্রথম থেকেই কৃষক মাঠের কাজ করে ফসল ফলান, মাঠ থেকে ফসল সংগ্রহ করে বাড়ি আনেন। কৃষাণি বাড়িতে আনা ফসল যত্ন করে সংরক্ষণ করেন। আদিযুগ থেকেই পরিবারের কাজগুলো করতেন। এভাবেই মানুষ তার বুদ্ধি ও শ্রম দিয়ে কৃষিকে একটি প্রধান উৎপাদন ব্যবস্থা হিসেবে গড়ে তুলেছে। কৃষির পরিধি ও পরিসর ক্রমাগত বাড়িয়ে তুলছে। তাই কৃষি উৎপাদন ব্যবস্থা মানুষের মধ্যে নানা মানবিক ও সামাজিক পরিবর্তন আনয়নে চাহিদা তৈরি করে চলেছে। এ কারণে

বলা যায় যে, মানুষের মধ্যে মানবিক গুণাবলি ও মূল্যবোধ প্রতিষ্ঠা করতেও কৃষি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

**প্রশ্ন –৮ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

বাংলাদেশ বিচিত্র ফসলের দেশ। এদেশে এমনও ফসল আছে যা থেকে কখনো সুস্বাদু শাক, কখনো আঁশ এবং জ্বালানি পাওয়া যায়। এক সময় বিশ্বে এ ফসলের মান ও উৎপাদনে বাংলাদেশ প্রথম ছিল এবং প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে দেশের অর্থনীতি সচল রেখেছিল।

ক. মাঠ ফসল কাকে বলে? ১
খ. পাটকে সোনালি আঁশ বলা হতো কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ফসল দিয়ে উৎপন্ন দ্রব্যের একটি তালিকা তৈরি কর। ৩
ঘ. তুমি কী মনে কর, উদ্দীপকে উল্লিখিত ফসলের হারানো গৌরব ও অবস্থান ফিরিয়ে আনা সম্ভব? যুক্তি দাও। ৪

## ৮নং প্রশ্নের উত্তর

**ক.** খোলা মাঠে যে সকল ফসল উৎপাদন করা যায় তাদের মাঠ ফসল বলা হয়।

**খ.** পাট আমাদের দেশের অন্যতম প্রধান আঁশ ফসল। এটি বস্ত্র উৎপাদনের প্রধান কাঁচামাল, অতীতে এ পাটকে সোনালি আঁশ বলা হতো।
কারণ পাট রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা রপ্তানি করা যেত। বর্তমানে পাটের উৎপাদন ক্ষেত্র আবার বৃদ্ধি পাচ্ছে। তাই, অল্প সময়ের মধ্যেই এটি আমাদের জাতীয় উৎপাদন ও অর্থনৈতিক সমৃদ্ধিতে সম্মানজনক স্থান দখল করতে পারে।

**গ.** উদ্দীপকে উল্লিখিত ফসলটি হলো পাট। কেননা পাট থেকে কখনও সুস্বাদু শাক, কখনো আঁশ এবং জ্বালানি পাওয়া যায়। পাটের মান ও উৎপাদনে বাংলাদেশ এক সময় বিশ্বে প্রথম ছিল এবং প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে দেশের অর্থনীতি সচল রেখেছিল। নিচে পাট দিয়ে উৎপন্ন বিভিন্ন দ্রব্যাদির একটি তালিকা দেওয়া হলো :

| | |
|---|---|
| i. সুতলি | vi. কাপড় |
| ii. রশি/দড়ি | vii. মণ্ড |
| iii. ব্যাগ | viii. কার্পেট |
| iv. চট | ix. পাপোশ |
| v. সুতা | x. পর্দা (পর্দার কাপড়) ইত্যাদি। |

**ঘ.** উদ্দীপকে উল্লিখিত ফসলটি হলো পাট। বাংলাদেশে উৎপাদিত পাটের হারানো গৌরব ও অবস্থান ফিরিয়ে আনা সম্ভব বলে আমি মনে করি। এর সপক্ষে যুক্তিগুলো হলো :
বাংলাদেশের মাটিতে বিভিন্ন রকম ফসলে মধ্যে পাট অন্যতম। পাটের উৎপাদন পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় অনেক ভালো। এজন্য বিশ্বে বাংলাদেশের পাটের চাহিদা প্রচুর ছিল। বাংলাদেশও পাট বিক্রয় করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করত। কিন্তু বাংলাদেশের কিছু অসাধু ব্যবসায়ী পাটে পানি দিয়ে বিদেশে রপ্তানি করত। যার ফলে পাট দিয়ে বেল বাঁধলে পচে তুষের ন্যায় হয়ে যায়। এ কারণে পাটের বাজার হারিয়ে যায়। এছাড়া প্লাস্টিকের সামগ্রীর স্থায়িত্ব বেশি হওয়ায় পাটের ব্যবহার কমে যায়। বাংলার কৃষক সমাজকে এখনও যদি উন্নত পাটগাছের বীজ, ঋণ সহায়তা, বাজার মূল্য, সার, কীটনাশক ইত্যাদি নিশ্চিত করা যায় তাহলে পুরনো গৌরব ও অবস্থান অবশ্যই ফিরিয়ে আনা সম্ভব। তাছাড়া বিশ্বব্যাপী দূষণ রোধ করার লক্ষ্যে প্লাস্টিকের সামগ্রীর পরিবর্তে আবার পরিবেশবান্ধব পাটের সামগ্রিক চাহিদা বাড়ছে। এভাবেই পাটের হারানো গৌরব ও অবস্থান ফিরিয়ে আনা সম্ভব।

**প্রশ্ন –৯ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

গণি মিয়া তার বাড়ির পাশেই ফুল, ফল, শাকসবজি ও মসলাজাতীয় ফসলের চাষ করেন। ঋতুভেদে প্রায় সব ফসলই তার বাগানে আছে। প্রকৃত পরিচর্যার মাধ্যমে তিনি তার সব ফসলই তরতাজা ও আকর্ষণীয় করে তোলেন। অবসরে তিনি তার বাগানে গিয়ে সময় কাটান। একদিন শিশির ভেজা সকালে তিনি তার সবজি বাগানের সৌন্দর্য দেখে অবাক বিস্ময়ে তাকিয়ে থাকেন।

ক. কোন মাসকে মধু মাস বলা হয়? ১
খ. নবান্ন উৎসব কীভাবে পালন করা হয়? ২
গ. গণি মিয়া যে মৌসুমে তার সবজি বাগানের দিকে তাকিয়ে ছিল সেই মৌসুমে বাজারে যেসব শাকসবজি পাওয়া যায় তার একটি ছোট তালিকা তৈরি কর। ৩
ঘ. গণি মিয়ার চাষকৃত ফসলগুলোর মধ্যে কোন জাতীয় ফসল মানুষের সবচেয়ে বেশি মনের খোরাক জোগায় তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

## ৯নং প্রশ্নের উত্তর

**ক.** জ্যৈষ্ঠ মাসকে মধু মাস বলা হয়।

**খ.** নতুন ভাতের উৎসব হলো নবান্ন উৎসব। এ সময় নতুন চাল দিয়ে ভাতের পাশাপাশি পায়েস, পিঠা, পুলি তৈরি হয়। বাড়ির ছেলেরা নতুন লুঙ্গি গেঞ্জি পায়। মেয়েরা পায় নতুন শাড়ি, চুড়ি, লেস ফিতা। বাড়িতে বসেই নতুন ধান দিয়ে ফেরিওয়ালাদের কাছ থেকে এসব কেনা যায়। এভাবে নবান্ন উৎসব পালন করা হয়।

**গ.** গণি মিয়া শিশির ভেজা সকালে তার সবজি বাগানের দিকে রবি মৌসুমে কেননা রবি মৌসুমেই শিশির দেখা যায়। এ মৌসুমে বাজারে যেসব শাকসবজি পাওয়া যায় তার একটি তালিকা নিচে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. লাউ | ৭. টমেটো |
| ২. শিম | ৮. পালংশাক |
| ৩. ফুলকপি | ৯. লাউশাক |
| ৪. বাঁধাকপি | ১০ পুঁইশাক |
| ৫. মুলা | ১১. ডাঁটাশাক |
| ৬. গাজর | ১২. কুমড়াশাক ইত্যাদি। |

**ঘ.** গণি মিয়ার চাষকৃত ফসলগুলোর মধ্যে ফুলজাতীয় ফসল সবচেয়ে বেশি মনের খোরাক জোগায়। নিচে ফুলের গুরুত্ব বিশ্লেষণ করা হলো :
বাংলাদেশে গোলাপ, রজনীগন্ধা, জুঁই, গাঁদা, বেলি ইত্যাদি শত শত রকমের ফুল বিদ্যমান। ফুলকে মানুষ ভালোবাসে বলেই বাংলার এক সময় এমন কোনো পরিবার ছিল না যেখানে দু–চারটি ফুলের গাছ ছিল না। সম্প্রতি পণ্য হিসেবে ফুল বেচাকেনা হচ্ছে। বর্তমানে ফুলের বাজারমূল্য অনেক বেশি। বর্তমানে ফুল বাণিজ্যিক ফসল হিসেবে স্বীকৃত। ফুল উপহার পেলে খুশি হয় না এমন মানুষ পৃথিবীতে বিরল। আমাদের দেশে নানা উৎসব অনুষ্ঠান যেমন– ২১শে ফেব্রুয়ারি, স্বাধীনতা দিবস, বিজয় দিবস ইত্যাদিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয়। এছাড়া বিভিন্ন অনুষ্ঠানে অতিথিদের ফুল দিয়ে বরণ করা হয়। বিবাহ উৎসব, ভ্যালেন্টাইন ডে ইত্যাদি অনুষ্ঠানে ফুলের কদর ও দাম আরও বেশি বৃদ্ধি পায়।

**প্রশ্ন –১০ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রায়হান সাহেব কাঁঠাল, আম, আনারস, কমলা, কলা, কুল ও কদবেলের বাগান করেছেন। এছাড়া তিনি বাগানে পেঁপে, লেবু ও স্ট্রবেরির চাষও করেছেন। প্রোটিনের চাহিদা পূরণ করে এমন কিছু প্রাণীও তিনি বাড়িতে পালন করেন।

ক. ঔষধি গাছ কাকে বলে? ১
খ. শ্রম বিভাজন বিষয়টি ব্যাখ্যা কর। ২
গ. রায়হান সাহেবের বাগান যে উদ্যান ফসলকে নির্দেশ করে তার বর্ণনা দাও। ৩
ঘ. রায়হান সাহেবের পালনকৃত প্রাণীগুলোর গুরুত্ব তুলে ধর। ৪

### ১০নং প্রশ্নের উত্তর

**ক.** যেসব গাছ থেকে ওষুধ তৈরি করা হয় সেগুলোকে ঔষধি গাছ বলে।

**খ.** বয়স, সক্ষমতা, যোগ্যতা, সুবিধা ইত্যাদি বিবেচনায় রেখে পরিবার ও সমাজের বিভিন্ন লোকের মধ্যে বিভিন্ন কর্মবণ্টনই হলো শ্রম বিভাজন। শ্রম বিভাজন সমাজ গঠনে ভূমিকা রাখে। ফসল ফলনে, মানুষের বিভিন্ন চাহিদা ইত্যাদি মোকাবিলায় শ্রম বিভাজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**গ.** রায়হান সাহেবের বাগান যে উদ্যান ফসলকে নির্দেশ করে তা হলো ফল। উদ্যান ফসল হিসেবে ফলের বর্ণনা নিচে দেওয়া হলো :

কাঁঠাল আমাদের জাতীয় ফল। উঁচু এলাকায় কত বিচিত্র ধরনের কাঁঠাল জন্মায় তার হিসাব এখনও করা হয়নি। কাঁঠালের পরই জনপ্রিয় ফল হচ্ছে আম। এ ফলটিও আমাদের দেশে প্রচুর উৎপাদিত হয়। কমলা, কলা, কুল ও কদবেলের বৈচিত্র্যও চোখে পড়ার মতো। কলা ও পেঁপে সারা বছর পাওয়া যায়। বেশিরভাগ ফল মৌসুমি। এছাড়াও আমাদের দেশে নানা ধরনের স্বাদ ও গন্ধের লেবু চাষ হয়। সম্প্রতি আমাদের দেশে বিদেশি ফল স্ট্রবেরির চাষ বেশ জনপ্রিয়তা লাভ করেছে।

**ঘ.** রায়হান সাহেবের পালনকৃত প্রাণীগুলোর গুরুত্ব তুলে ধরা হলো :

খামারে উৎপাদিত মুরগি ও মুরগির ডিম খাদ্যের ও প্রোটিনের চাহিদা পূরণে ভূমিকা রাখছে। হাওড়, বাঁওড়, বিল, এলাকা ছাড়াও সারাদেশেই যেখানে পুকুর, ডোবা অর্থাৎ পানি আছে সেখানেই হাঁস চাষ কৃষক পরিবারে জনপ্রিয়। হাঁস ও হাঁসের ডিম খাদ্য ঘাটতি হ্রাস করতে সাহায্য করে। লাভজনক অর্থাৎ বাণিজ্যিক ভিত্তিতে কবুতর পালন এদেশে অনেক আগে থেকেই জনপ্রিয়। বর্তমানে কোয়েল ও কোয়েলের ডিম উৎপাদন কৃষকদের দৃষ্টি আকর্ষণ করতে পেরেছে।

আমরা ছাগল থেকে দুধ ও মাংস পাই। সারাদেশে ভেড়া দেখতে পাওয়া গেলেও দেশের কিছু কিছু এলাকায় বাণিজ্যিকভাবে ভেড়ার চাষ হয়। পশুপালকদের সবচেয়ে প্রিয় পশু হলো গরু। গরু থেকে আমরা মাংস ও দুধ পাই। গরুর মতো মহিষও বাংলাদেশে অঞ্চল বিশেষে জনপ্রিয়। মহিষের দুধ ঘন হওয়ায় দধি ও মিষ্টান্ন শিল্পে এর বিশেষ কদর রয়েছে।

**প্রশ্ন –১১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নাঈম তারা দাদা বাড়ি টাঙ্গাইলে বেড়াতে গেল যখন কৃষকদের ধান কাটা মাত্র শেষ হয়েছে। তখন তারা একটি উৎসবে মেতেছিল। নাঈমের দাদা তাকে বললেন এই উৎসব আমাদের সংস্কৃতির একটা অংশ। তিনি আরও বললেন, বাঙালি সংস্কৃতি কৃষিকাজের দ্বারা ব্যাপক প্রভাবিত।

ক. নবান্ন উৎসব কী? ১

খ. হালখাতা কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত উৎসবটি বর্ণনা কর। ৩

ঘ. নাঈমের দাদার শেষ উক্তিটি মূল্যায়ন কর। ৪

### ১১নং প্রশ্নের উত্তর

**ক.** নতুন ধান ঘরে তোলার সময় কৃষকরা যে উৎসব করেন তাই নবান্ন উৎসব।

**খ.** হালখাতা হলো পয়লা বৈশাখের একটি উৎসব। হাট–বাজারের দোকানিরা তাদের গ্রাহক খদ্দেরদের পয়লা বৈশাখে আপ্যায়ন করেন। তাদের মিষ্টি দিয়ে আপ্যায়িত করা হয়। আর খদ্দেররাও এই দিনে তাদের বাকি পাওনা পরিশোধ করেন। এই আনুষ্ঠানিকতা হালখাতা নামে পরিচিত।

**গ.** উদ্দীপকে উল্লিখিত উৎসবটি হলো নবান্ন উৎসব।

হাড়ভাঙ্গা খাটুনি, প্রাকৃতিক দুর্যোগ, উৎকণ্ঠা, রোগবালাই ইত্যাদি অতিক্রম করে কৃষক যখন ধান কেটে আপন আঙ্গিনায় এনে জড়ো করে তখন শুরু হয় নবান্ন উৎসব। এ ধান মাড়াই করে শুকিয়ে মেয়েরা ঢেঁকিতে ধান ভেনে চাল করে, নতুন চাল গুঁড়ো করে। নতুন চালের গন্ধে গৃহস্থের বাড়ি ভরে ওঠে। নতুন চালের ভাতের পাশাপাশি নতুন চালের পায়েস, পিঠা–পুলি তৈরি হতে থাকে। বাড়ির ছেলেরা নতুন গেঞ্জি, লুঙ্গি পায়, মেয়েরা পায় নতুন শাড়ি, চুড়ি, লেস–ফিতা। বাড়িতে বসেই নতুন ধান দিয়ে ফেরিওয়ালাদের কাছ থেকে এসব কেনা যায়। উৎসবে মেতে ওঠে সবাই। নতুন ভাতের উৎসব হলো নবান্ন উৎসব।

**ঘ.** নাঈমের দাদার শেষ উক্তিটি ছিল বাঙালি সংস্কৃতি কৃষিকাজের দ্বারা ব্যাপক প্রভাবিত।

বাঙালি সংস্কৃতির একটি বড় উৎসব হলো নবান্ন উৎসব। গ্রামে কৃষকরা যখন নতুন ধান সংগ্রহ করে ঘরে তোলেন তখন এই উৎসব শুরু হয়। এ উৎসব ধানের মৌসুমের ওপর নির্ভরশীল। নবান্নের মতো কৃষিভিত্তিক আরও একটি উৎসব হলো বাংলা নববর্ষ। গ্রামীণ বাংলাদেশে 'আমানি' নামে একটি পারিবারিক উৎসব প্রচলন ছিল। প্রতিবছর বৈশাখের আগের রাতে একটি পাত্রে পানি ঢেলে তাতে কচি একটি আম পাতার ডাল ও কিছু আতপ চাল রাখা হতো। পহেলা বৈশাখে সেই আম পাতার ডালের পানি সবাইকে ছিটিয়ে দেওয়া হতো এবং চাল খাওয়া হতো। গৃহকর্তা এই চাল খেয়ে হাল চাষ করতে যেতেন।

উপরিউক্ত উৎসব দুটি থেকে দেখা যায় যে, বাংলাদেশের সংস্কৃতি কৃষিনির্ভর। সুতরাং নাঈমের দাদার উক্তিটি যুক্তিযুক্ত ছিল।

**প্রশ্ন –১২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

বাংলাদেশের বিভিন্ন শাক–সবজি যেমন লাউ, শিম, ফুলকপি, বাঁধাকপি ইত্যাদি কোন বিশেষ কৃষি মৌসুমে পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায়। আবার ঐ একই মৌসুমে নতুন মাঠ ফসল পাওয়ার আমেজে নেচে উঠে কৃষকের মন।

ক. অতীতে কার্পাস তুলা হতে কী উৎপাদন হতো? ১

খ. ফসল বৈচিত্র্য কমার জন্য কৃষির আধুনিকায়নের ভূমিকা আছে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত উৎসবটি পালনের পূর্বে কৃষক/কৃষাণি যেসব কাজের ব্যস্ত থাকেন তা উপস্থাপন কর। ৩

ঘ. উল্লিখিত সাংস্কৃতিক ঐতিহ্যের সাথে বাংলার কৃষক/কৃষাণির স্নেহ–ভালবাসা ও উদারতার তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

### ১২নং প্রশ্নের উত্তর

**ক.** অতীতে কার্পাস তুলা হতে মসলিন কাপড় উৎপাদন হতো।

**খ.** ফসলের পঞ্চাশ বছর আগেও দুইশত ধানের জাত জন্মাত। কিন্তু উচ্চ ফলনশীল জাতের ব্যাপক চাষাবাদ করতে গিয়ে অনেক জাতের ধান হারিয়ে গেছে। বাংলাদেশে নানা জাতের কার্পাস তুলা ১০০ বছর আগেও জন্মাত। বিশ্ববিখ্যাত মসলিন উৎপাদন হতো সূক্ষ্ম এক প্রকার কার্পাস তুলা দিয়ে। কৃষি আধুনিকায়নের ফলে সম্ভবত এই জাতটি বিশ্ব থেকেই বিলুপ্ত হয়েছে।

**গ.** উদ্দীপকে উৎসবটি ছিল অগ্রহায়ণের আমন ধানের নবান্নের উৎসব।

এই উৎসবটি পালনের পূর্বে কৃষক–কৃষাণি যেসব কাজে ব্যস্ত হয়ে উঠেন তা হলো ফসল কেটে বাড়ির আঙ্গিনায় উঠানো। এতে করে পরিবারের সবার মনে খুশির আমেজ সৃষ্টি হয়। এরপর মাড়াই করে শুকিয়ে গোলায় তুলতে ব্যস্ত হয়ে উঠেন। মেয়ের ঢেঁকিতে ধান ভানে, নতুন ধান ভেনে চাল করে পরিষ্কার করে। নতুন চালের ভাতের পাশাপাশি, পায়েস, পিঠা–পুলি ইত্যাদি তৈরি করেন। খড় শুকানো, সংরক্ষণ ইত্যাদি কাজ নিয়েও ব্যস্ত থাকতে হয়।

অর্থাৎ, নবান্নে কৃষক পরিবারে আনন্দময় ও কর্মমুখর পরিবেশ সৃষ্টি হয়।

**ঘ.** উল্লিখিত সাংস্কৃতিক ঐতিহ্যটি হলো নবান্ন উৎসব।

নবান্ন উৎসব কৃষক–কৃষাণিদের আনন্দের শেষ থাকে না। আনন্দে ও উদারতায় মন ভরে উঠে। রকমারি খাবার তৈরি করেন। বাড়ির ছেলে–মেয়ে সবাইকে নতুন নতুন কাপড়, গেঞ্জি, লুঙ্গি ইত্যাদি ক্রয় করে দেন। কাজের মেয়েদের নতুন শাড়ি, চুড়ি, লেস–ফিতা ইত্যাদি বাড়িতে বসেই নতুন ধান দিয়ে কিনে দেন ফেরিওয়ালাদের কাছ থেকে। খালি হাতে কাউকে ফিরে যেতে দেননা। এমনকি ভিক্ষুককেও না। আত্মীয়–স্বজন, পাড়া–পড়শী সবাইকে ডেকে খাওয়ান।

উপর্যুক্ত আলোচনা থেকে বলা যায় নবান্ন উৎসবের সাথে বাংলার কৃষক–কৃষাণির স্নেহ–ভালবাসা ও উদারতা তাৎপর্যময়।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –১৩ ▸** সপ্তম শ্রেণির পাঠদানকালে শিৰক জনাব মোহাম্মদ আসলাম কার্ডবোর্ড, ফোম ইত্যাদির তৈরি একটি মডেলের সাহায্য নিলেন। মডেলটিতে ধানৰেত, ফুল–ফলের বাগান, পুকুর, গবাদি পশু, হাঁস–মুরগি যেমন ছিল খামার বাড়ি, কুমোর বাড়ি ইত্যাদি। শিৰকের পাঠদানে ছাত্রছাত্রীরা যেমন খুশি হলো তেমনি তিনি নিজ উদ্দেশ্য তথা সমাজ গঠনে কৃষির ভূমিকা বোঝাতে সৰম হলেন।

ক. আদি কৃষি সমাজ কী? ১

খ. গ্রামীণ শ্রম বিভাজন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের মডেলের সাহায্যে সামাজিক শ্রম বিভাজন বুঝাতে পারা যায় বর্ণনা কর। ৩

ঘ. সমাজ গঠনে কৃষির ভূমিকা উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

**প্রশ্ন –১৪ ▸** রানী সাহা নানা জাতের শীতকালীন লাউয়ের গাছ লাগিয়েছিলেন, এদের কোনটি আকারে ছোট আবার কোনটি আকারে বড়। কেননা কোনো গাছে প্রচুর লাউ ধরেছিল আবার কোনো কোন গাছে এ সংখ্যা অনেক কম।

ক. সামন্ত প্রভু বলতে কাদের বোঝানো হয়? ১

খ. আঁশ ফসল উৎপাদনে কৃষকের কীরূ প ভূমিকা রয়েছে? ২

গ. রীনা সাহার মতো নারীরা কীভাবে কৃষির সূচনা করেছিল? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে "কৃষি ও নারী একটি অবিচ্ছেদ্য অংশ" উক্তিটি বিশেৱষণ কর। ৪

**প্রশ্ন –১৫ ▸** প্রাচীনকালে মানুষ গুহায় বাস করত। তখন তারা কৃষিকাজ করতে জানত না। কিন্তু কালের পরিক্রমায় নারীরা প্রথম কৃষির সূচনা করেছিলেন। ভিন্ন ভিন্ন পেশা ও শ্রেণির মানুষ মিলে সমাজ গঠন করে। অর্থা উপার্জনের জন্য বেশির ভাগ মানুষ কৃষিকে অবলম্বন হিসেবে মেনে নেয়। কোন ঋতুতে কোন ফসল উৎপাদন করা যায় মানুষ তা বুঝল, ফলে উৎপাদন দ্রবতই বাড়তে লাগল। এভাবেই মানুষ বুদ্ধি ও শ্রম দিয়ে কৃষিকে উন্নত থেকে উন্নততর করেছে।

ক. কৃষিকাজ গুরবর আগে মানুষ কয়টি উপায়ে খাদ্য সংগ্রহ করত? ১

খ. নারীরাই প্রথম কৃষির সূচনা করেছিলেন। ব্যাখ্যা কর। ২

গ. সমাজ বিবর্তনে কৃষি কিরূ প ভূমিকা রেখেছে উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৩

ঘ. "মানুষ বুদ্ধি ও শ্রম দিয়ে কৃষিকে উন্নত থেকে উন্নততর করেছে"– বিশেৱষণ কর। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ শিকারের যুগে মানুষ কিসের ব্যবহার শিখেছিল?**

**উত্তর :** শিকারের যুগে মানুষ আগুনের ব্যবহার শিখেছিল।

**প্রশ্ন ॥ ২ ॥ কামার কাকে বলে?**

**উত্তর :** যারা লোহার জিনিসপত্র তৈরি করেন তাদের কামার বলা হয় ।

**প্রশ্ন ॥ ৩ ॥ প্রাচীনকালে গ্রামের মহিলারা বাড়িতে কী পালন করত?**

**উত্তর :** প্রাচীনকালে গ্রামের মহিলারা বাড়িতে হাঁস–মুরগি পালন করত।

**প্রশ্ন ॥ ৪ ॥ আমাদের দেশে কৃষির প্রধান লক্ষ্য কী?**

**উত্তর :** আমাদের দেশে কৃষির প্রধান লৰ্য খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করা।

**প্রশ্ন ॥ ৫ ॥ স্বাস্থ্যরক্ষায় কোন খাদ্য অপরিহার্য?**

**উত্তর :** স্বাস্থ্যরৰায় সুষম খাদ্য অপরিহার্য।

**প্রশ্ন ॥ ৬ ॥ ফসল উৎপাদন কোনটির ওপর নির্ভরশীল?**

**উত্তর :** ফসল উৎপাদন ঋতুচক্রের ওপর নির্ভরশীল।

**প্রশ্ন ॥ ৭ ॥ খাদ্যের চাহিদা মেটানোর জন্য কিসের উৎপত্তি হয়েছিল?**

**উত্তর :** খাদ্যের চাহিদা মেটানোর জন্য কৃষির উৎপত্তি হয়েছিল।

**প্রশ্ন ॥ ৮ ॥ মসলিন কাপড় কী দিয়ে তৈরি হতো?**

**উত্তর :** সূক্ষ্ম এক প্রকার কার্পাস তুলা এদেশে জন্মাতো, যা দিয়ে বিশ্ববিখ্যাত মসলিন কাপড় তৈরি হতো।

**প্রশ্ন ॥ ৯ ॥ মানুষ কী উপহার পেলে সন্তুষ্ট হয়?**

**উত্তর :** ফুল উপহার পেলে মানুষ সন্তুষ্ট হয়।

**প্রশ্ন ॥ ১০ ॥ খাকি ক্যাম্বেল কী?**

**উত্তর :** ডিম উৎপাদনের জন্য বিখ্যাত একটি হাঁসের জাত হচ্ছে খাকি ক্যাম্বেল।

**প্রশ্ন ॥ ১১ ॥ প্রথম কৃষিকাজের সূচনা করেছিল কারা?**

**উত্তর :** নারীরা প্রথম কৃষি কাজের সূচনা করেছিল।

**প্রশ্ন ॥ ১২ ॥ সমাজের ক্ষুদ্র একক কী?**

**উত্তর :** পরিবার সমাজের ক্ষুদ্র একক।

**প্রশ্ন ॥ ১৩ ॥ সার্বিক নিরাপত্তার প্রথম ও প্রধান কেন্দ্র কোনটি?**

**উত্তর :** সার্বিক নিরাপত্তার প্রথম ও প্রধান কেন্দ্র পরিবার।

**প্রশ্ন ॥ ১৪ ॥ কখন শাকসবজি ভালো জন্মে?**

**উত্তর :** শীতকালে শাকসবজি ভালো জন্মে।

**প্রশ্ন ॥ ১৫ ॥ বাংলাদেশের ঋতু নিরপেক্ষ একটি ফলের নাম লেখ।**

**উত্তর :** বাংলাদেশের ঋতু নিরপেৰ একটি ফল হলো পেঁপে।

**প্রশ্ন ॥ ১৬ ॥ অতীতে কার্পাস তুলা হতে কী উৎপাদন করা হতো?**

**উত্তর :** উৎপাদন করা হতো মসলিন কাপড় অতীতে কার্পাস তুলা হতে।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ জ্যৈষ্ঠ মাসকে মধুমাস বলা হয় কেন?**

**উত্তর :** জ্যৈষ্ঠ মাসকে মধুমাস বলা হয় কারণ দেশীয় নানা সুমিষ্ট ফলের বৈচিত্র্যে এ মাসটি ভরপুর থাকে।

**প্রশ্ন ॥ ২ ॥ বাংলাদেশের উদ্দিদ ও প্রাণিবৈচিত্র্য কেমন?**

**উত্তর :** বাংলাদেশের উদ্ভিদ ও প্রাণিবৈচিত্র্য বহুমাত্রিক। বিভিন্ন শস্য, ফুল, ফল, শাকসবজি, নির্মাণসামগ্রী, তন্তু, ওষুধ প্রভৃতি উৎপাদন করা যায় এদেশে। অপরদিকে রকমারি পশুপাখির বৈচিত্র্যেও আমাদের দেশ পিছিয়ে নেই। মাংস, দুধ, ডিম ইত্যাদি প্রাণিজ পণ্যেও ভরপুর আমাদের দেশ।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলাদেশে কোন কোন ধরনের ফল পাওয়া যায়?**

**উত্তর :** বাংলাদেশ একটি ফলের দেশ। এদেশে বারো মাসে বিভিন্ন জাতের ফসল জন্মায়। বাংলাদেশের জাতীয় ফল কাঁঠাল। এছাড়া আম, জাম, কুল, লিচু, কদবেল, পিয়াজ, কলা, পেঁপে, লেবু ও আনারস পাওয়া যায়। বিশেষ করে জ্যৈষ্ঠ মাসকে মধু মাস বলা হয়। কারণ দেশীয় নানা সুমিষ্ট ফলের বৈচিত্র্যে এ মাসটি ভরপুর থাকে।

**প্রশ্ন ॥ ৪ ॥ বাংলাদেশের মাটির বৈশিষ্ট্য কেমন?**

**উত্তর :** বাংলাদেশের স্থানভেদে মাটির বৈশিষ্ট্যেও তারতম্য দেখা যায়। বাংলাদেশের নদী অববাহিকাগুলোতে বেলে–দোআঁশ মাটির প্রাধান্য রয়েছে। এছাড়া বেশ কিছু উঁচু অঞ্চল আছে, যার মাটি লালচে ও এঁটেল।

**প্রশ্ন ॥ ৫ ॥ বাংলাদেশের অবস্থানগত পরিবেশ কেমন?**

**উত্তর :** বাংলাদেশ পৃথিবীর নাতিশীতোষ্ণ অঞ্চলে অবস্থিত। দৰিণে বঙ্গোপসাগর থেকে জলজ মেঘমালা উৎপন্ন হয়ে মৌসুমি বায়ু বাহিত হয়ে উত্তরের হিমালয় পার্বত্য অঞ্চলে বাধা পেয়ে প্রচুর বৃষ্টিপাত ঘটায়। আবার এই পর্বতমালা দেয়ালের মতো

শীতকালে সাইবেরিয়ার হিমশীতল বায়ুপ্রবাহ আটকে দেয়, ফলে শীতও কম হয়।

**প্রশ্ন ॥ ৬ ॥ কৃষির পরিধি ও পরিসর বৃদ্ধির সাথে গ্রামের পত্তন কীভাবে শুরু হলো?**

**উত্তর :** পরিবারের আকার ও সংখ্যা বৃদ্ধির সাথে সাথে মানুষ ফসলের ফলন বৃদ্ধি ও সংরৰণের দৰতা অর্জন করল। মানুষ আর গুহায় না থেকে পরিবেশ থেকে মাটি, বাঁশ, কাঠ, পাতা ব্যবহার করে ঘরবাড়ি তৈরি করতে শুরব করল। এভাবে বেশ কিছু পরিবারের বসতবাড়ি মিলে গ্রামের পত্তন হয়।

**প্রশ্ন ॥ ৭ ॥ ঔষধি গাছের চাষে কেন লাভজনক?**

**উত্তর :** অতি প্রচীনকাল থেকেই মানুষ রোগব্যাধি নিরাময়ে ঔষধি উদ্ভিদের ওপর নির্ভরশীল। বাংলাদেশেও ভেষজ, আয়ুর্বেদ ও ইউনানি চিকিৎসাশাস্ত্র প্রসার লাভ করায় ঔষধি গাছের ব্যবহার ও চাষের প্রবণতা বাড়ছে। তাই, ঔষধি গাছের চাষ লাভজনক হচ্ছে।